# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Jaistha 17, 1433 Bangla, May 31, 2026, Sunday, No. 145, 56th year

# H I G H L I G H T S

BNP and its allies and affiliated entities have observed 45th martyrdom anniversary of former president and BNP founder Ziaur Rahman through various programmes. (Jago News: 08)

Prime Minister Tarique Rahman has urged people to engage in nation-building by embracing the ideals of late president Ziaur Rahman. (Jago News: 07)

PM Tarique Rahman has distributed clothes & food items among poor & destitute people as part of programs marking 45th death anniversary of BNP founder & former president Ziaur Rahman. (Jago News: 07)

Two officials of Dhaka North & Dhaka South city corporations were withdrawn from their respective posts for negligence in waste management; disciplinary action has been ordered against 6 more officials. (R. Today: 14)

Cumilla Zilla Parishad Administrator has claimed, NCP spokesperson Asif Mahmud Shojib Bhuiyan took Tk15 crore from Cumilla Zilla Parishad while serving as an adviser to interim govt. (R. Today: 16)

Hundreds of alleged Bangladeshis who entered the country illegally have reportedly gathered at Hakimpur border in India, adjacent to Bangladesh's Satkhira district, to return. (BBC: 03)

An armed group has opened fire on fishermen while they were fishing in the Naf River in Teknaf, Cox's Bazar. (Jago News: 11)

Eight more children have died of measles-like symptoms across country in the last 24 hours, taking the total death toll to 583. (DW: 06)

Government is considering bringing country's health sector under automation. (Jago News: 10)

The ongoing instability in Middle East, tensions in Strait of Hormuz, and uncertainty in the global energy market have created risks for developing countries, including Bangladesh. (R. Tehean: 05)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**জ্যৈষ্ঠ ১৭, বাংলা ১৪৩৩, মে ৩১, ২০২৬, রবিবার, নং- ১৪৫, ৫৬তম বছর**

# শিরোনাম

বিএনপি'র প্রতিষ্ঠাতা ও শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান -এর ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি পালন করছে দলটি ও এর অঙ্গ ও সহযোগী সংগঠনগুলো। (জাগো নিউজ: ০৮)

সাবেক রাষ্ট্রপতি শহিদ জিয়াউর রহমানের আদর্শ অনুসরণ করে দেশ গঠনের কাজে আত্মনিয়োগের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো নিউজ: ০৭)

সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে দুঃস্থ ও অসহায় মানুষের মাঝে খাদ্যসামগ্রী ও বস্ত্র বিতরণ করেছেন তারেক রহমান। (জাগো নিউজ: ০৭)

বর্জ্য ব্যবস্থাপনায় গাফিলতির দায়ে ঢাকার দুই সিটি করপোরেশনের দুই কর্মকর্তাকে দায়িত্ব থেকে অব্যাহতি; আরও ছয় কর্মকর্তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার নির্দেশ। (রে. টুডে: ১৪)

অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা থাকার সময়ে এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া কুমিল্লা জেলা পরিষদ থেকে ১৫ কোটি টাকা নিয়েছেন -- দাবি পরিষদের বর্তমান প্রশাসকের। (রে. টুডে: ১৬)

বাংলাদেশের সাতক্ষীরা জেলা সংলগ্ন ভারতের হাকিমপুর সীমান্তে অবৈধভাবে দেশটিতে যাওয়া কয়েকশ' কথিত বাংলাদেশি ফেরার জন্য জড়ো হয়েছেন বলে জানা গেছে। (বিবিসি: ০৩)

কক্সবাজারের টেকনাফের নাফ নদীতে মাছ ধরার সময় জেলেদের লক্ষ্য করে গুলিবর্ষণ করেছে একটি সশস্ত্র গ্রুপ। (জাগো নিউজ: ১১)

গত ২৪ ঘণ্টায় দেশজুড়ে হামের উপসর্গে আরও আটজন শিশুর মৃত্যু হওয়ায় মোট মৃতের সংখ্যা বেড়ে ৫৮৩ হয়েছে। (ডয়েচে ভেলে: ০৬)

দেশের স্বাস্থ্যখাতকে অটোমেশনের আওতায় আনার চিন্তা-ভাবনা করছে সরকার। (জাগো নিউজ: ১০)

মধ্যপ্রাচ্যকে কেন্দ্র করে চলমান অস্থিরতা, হরমুজ প্রণালিতে উত্তেজনা এবং বিশ্বব্যাপী জ্বালানি বাজারে অনিশ্চয়তা বাংলাদেশসহ উন্নয়নশীল দেশগুলোর জন্য নতুন ধরনের ঝুঁকি তৈরি করেছে। (রে. তেহরান: ০৫)

# বিবিসি

## ভারত থেকে কথিত বাংলাদেশিদের ফেরা নিয়ে কী ঘটছে সীমান্তে?

বাংলাদেশের সাতক্ষীরা জেলা সংলগ্ন ভারতের হাকিমপুর সীমান্তে অবৈধভাবে দেশটিতে যাওয়া কয়েকশ কথিত বাংলাদেশি ফেরার জন্য জড়ো হয়েছেন বলে জানা গেছে। ভারতের উত্তর ২৪ পরগনার হাকিমপুর সীমান্তে সপ্তাহখানেক ধরে প্রতিদিনই 'বাংলাদেশি' নাগরিক পরিচয়ে অনেকে যে জড়ো হচ্ছেন, এই বিষয়টি সরেজমিন দেখেছেন বিবিসির প্রতিবেদকও। দাবি করা হচ্ছে যে, বাংলাদেশ থেকে বিভিন্ন সময় যারা অবৈধভাবে ভারতে প্রবেশ করেছিলেন মূলত তারাই নিজ দেশে ফেরার জন্য এখন ওই সীমান্তে ভিড় করছেন। তাদের নথিপত্র যাচাই করে বাংলাদেশে ফেরত পাঠানোর জন্য স্থানীয় 'হোল্ডিং সেন্টার' বা আটক শিবিরগুলোয় রাখা হচ্ছে বলেও জানা গেছে। এমনকি ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী শতাধিক কথিত বাংলাদেশিকে ইতোমধ্যে হাকিমপুর সীমান্ত দিয়ে বর্ডার গার্ড বাংলাদেশ বা বিজিবি-এর হাতে তুলে দিয়েছে বলেও দুই দেশের একাধিক গণমাধ্যমে দাবি করা হয়েছে। যদিও বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী- বিজিবি কিংবা স্থানীয় প্রশাসনের কেউই এই দাবির সত্যতা স্বীকার করেননি। বিবিসি বাংলাকে তারা জানিয়েছেন, আনুষ্ঠানিকভাবে হস্তান্তর কিংবা জোর করে ঠেলে দেওয়া, কোনো প্রক্রিয়ায়ই কাউকে ভারত থেকে বাংলাদেশে পাঠানোর তথ্য সঠিক নয়। তবে, সীমান্তের ওপারে অবৈধ বাংলাদেশি পরিচয়ে অনেক মানুষকে যে জড়ো করা হচ্ছে, এই তথ্য তারাও শুনেছেন। এ মাসের শুরুর দিকে আগে পশ্চিমবঙ্গের ক্ষমতায় বিজেপি সরকারের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ঘোষণা দিয়েছেন যে, বাংলাদেশ থেকে এসে যারা অবৈধভাবে বসবাস করছেন পশ্চিমবঙ্গে, তাদের আর থাকতে দেওয়া হবে না। সেই সাথে হোল্ডিং সেন্টার বা আটক কেন্দ্র তৈরিরও নির্দেশ দেওয়া হয়েছে।

**কী ঘটছে সীমান্তে?**

অবৈধ অনুপ্রবেশ, সীমান্ত হত্যাসহ নানা ঘটনায় বাংলাদেশ-ভারত সীমান্তে উত্তেজনা অনেকটা ধারাবাহিক রূপ নিয়েছে বলেই মনে করা হচ্ছে। 'পুশ-ইন'-এর অভিযোগ কিংবা সীমান্ত হত্যা নিয়ে বাংলাদেশে ভারত দুই দেশের মধ্যে আগে থেকেই অস্বস্তি রয়েছে। কয়েকদিন আগেই সিলেটের গোয়াইনঘাট উপজেলার সোনারহাট সীমান্ত এলাকার দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর মধ্যে পালটাপালটি গুলিবর্ষণের ঘটনাও ঘটেছে। সম্প্রতি, বাংলাদেশের সাতক্ষীরা জেলা সংলগ্ন ভারতের হাকিমপুর সীমান্তে, অবৈধভাবে ভারতে প্রবেশ করা কথিত 'বাংলাদেশি' পরিচয়ে কয়েকশ মানুষকে জড়ো করা হয়েছে। যাদের কেউ কেউ বিবিসি বাংলাকে জানিয়েছেন যে, 'চোরাই পথে' গিয়ে 'অবৈধভাবেই' ভারতে বসবাস এবং কাজকর্ম করছিলেন তারা। বিবিসি বাংলার কলকাতা সংবাদদাতা অমিতাভ ভট্টশালী সীমান্তে গিয়ে দেখেছেন, কটি পরিত্যক্ত ঘরে অপেক্ষা করতে বলা হচ্ছে বাংলাদেশে চলে যাওয়ার জন্য সীমান্তে জড়ো হওয়া মানুষদের। সেখান থেকে পুলিশ কর্মীরা একেকটি পরিবারকে ডেকে এনে নথি যাচাই করছেন। দেখা হচ্ছে তাদের বাংলাদেশের পরিচয়পত্র, লিখে নেওয়া হচ্ছে নাম-পরিচয়, বাংলাদেশের কোন জেলায় তার আদি বাড়ি ছিল- এই সব তথ্য। তোলা হচ্ছে ছবিও। এরপরে তাদের অপেক্ষা করতে হচ্ছে সীমান্ত চৌকি লাগোয়া জায়গায়। তাদের কীভাবে বাংলাদেশে ফেরত পাঠানো হচ্ছে, সে ব্যাপারে স্থানীয় প্রশাসন বা বিএসএফ আনুষ্ঠানিকভাবে মুখ খোলেনি। কিন্তু সীমান্ত অঞ্চলের ভারতীয় গ্রাম হাকিমপুরের বাসিন্দারা বলছেন, তারা সবটাই দেখছেন। এখন তাদেরকে বাংলাদেশে ফেরত পাঠানোর প্রক্রিয়া চলছে। ইতোমধ্যে অনেককে নাকি বাংলাদেশে পাঠানো হয়েছে বলেও দাবি করা হচ্ছে। বিবিসি বাংলা গত বুধবার যেদিন হাকিমপুরের সীমান্ত চৌকিতে গিয়েছিল, সেদিনও ওই একই পদ্ধতিতে নথি যাচাইয়ের পরে অপেক্ষা করতে বলা হয় বাংলাদেশে যারা চলে যেতে চান, তাদের। তবে সন্ধ্যা পর্যন্ত তাদের সেখানেই অপেক্ষা করিয়ে রাখা হয়। এরপর তাদের বাসে চাপিয়ে নিয়ে যাওয়া হয় স্বরূপনগর থানা এলাকাতে গড়ে তোলা 'হোল্ডিং সেন্টার' বা আটক শিবিরগুলোয়।

তবে এর আগের কয়েকদিন অনেকে রাতের বেলা সীমান্ত পার হয়ে বাংলাদেশে চলে গেছেন বলে স্থানীয় সাংবাদিকরা দাবি করেছেন। সীমান্তের ভারতীয় অংশে যখন এমন প্রেক্ষাপট, তখন বাংলাদেশ অংশে কী অবস্থা? ভারতের হাকিমপুর সীমান্তের বাংলাদেশ অংশে সাতক্ষীরার কলারোয়া উপজেলার কাকডাঙ্গা সীমান্ত। খোঁজ নিয়ে জানা গেছে, সীমান্তের ওপারে নানা ঘটনাক্রম থাকলেও এপারে তার আঁচ খুব একটা লাগেনি। স্থানীয় জনপ্রতিনিধি, গণমাধ্যমকর্মী, পুলিশ এবং জেলা প্রশাসনের প্রতিনিধিদের সঙ্গে কথা বলেছে বিবিসি বাংলা। তারা বলছেন, গত মঙ্গলবার ওই সীমান্ত দিয়ে ভারত থেকে বাংলাদেশে 'পুশ-ইনের' ঘটনা নিয়ে দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর মধ্যে কিছুটা উত্তেজনা তৈরি হলেও এরপর নতুন করে কিছু ঘটেনি। ভারত থেকে সীমান্ত পার হয়ে শত শত কথিত বাংলাদেশির প্রবেশের কোনো তথ্যও তারা পাননি। সাতক্ষীরার সীমান্তবর্তী কেড়াগাছি ইউনিয়নের চেয়ারম্যান আফজাল হোসেন হাবিল বলছেন, ভারতের হাকিমপুরে অবৈধ বাংলাদেশি পরিচয়ে অনেক মানুষের জড়ো খবর থাকলেও, বাংলাদেশ অংশে এ নিয়ে এখনও কোনো উত্তেজনা নেই। "আমি শুনছি যে, হাকিমপুরে বাংলাদেশের লোক এক জায়গা করছে সব, কিন্তু এখন পর্যন্ত বাংলাদেশে ঢুকছে বলে খবর পাইনি," বিবিসি বাংলাকে বলেন মি. হাবিল। সীমান্ত এলাকার পরিবেশ স্বাভাবিক রয়েছে বলেই জানান সাতক্ষীরার একাধিক গণমাধ্যমকর্মী এবং আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরাও।

কলারোয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এইচ এম শাহীন বলছেন, সীমান্তের ওপার থেকে নানা খবর পাওয়া গেলেও বাংলাদেশ অংশে এ নিয়ে এখনও তেমন কোনো উত্তেজনা নেই। "মিডিয়ার মাধ্যমে আমরা জেনেছি যে, ওপারে মানুষ

জড়ো করা হয়েছে, কিন্তু সীমান্তে বিজিবি সতর্ক অবস্থায় আছে, আমরাও থানা এলাকায় নজরদারি জোরদার করেছি," বিবিসি বাংলাকে বলেন তিনি। ভারত থেকে অনুপ্রবেশকারী বাংলাদেশি পরিচয়ে কাউকে হস্তান্তর করা হয়েছে, এই তথ্য সঠিক নয় বলে দাবি করেছেন সাতক্ষীরার জেলা প্রশাসক কাউসার আজিজ। বিবিসি বাংলাকে তিনি বলেন, "গত রাতেও বিজিবির যিনি এখানে অধিনায়ক তার সঙ্গে আমার কথা হয়েছে, ওপার থেকে 'পুশ-ইন'-এর চেষ্টা হয়েছিল, তবে তারা সফল হয়নি। বাংলাদেশ প্রান্তে বিজিবি সতর্ক আছে।" সাতক্ষীরার পাশেই ভারতীয় সীমান্তঘেঁষা বাংলাদেশের আরেক জেলা যশোরের সীমান্ত এলাকায়ও অবৈধ অনুপ্রবেশ বা জোর করে কাউকে ভারত থেকে বাংলাদেশে পাঠানোর ঘটনা ঘটেনি। যশোরের পুলিশ সুপার সৈয়দ রফিকুল ইসলাম বিবিসি বাংলাকে জানিয়েছেন, "সীমান্তে ভারত থেকে বাংলাদেশে জোর করে বা আনুষ্ঠানিকভাবে কাউকে পাঠানো হয়েছে এমন কোনো ঘটনা ঘটেনি।" এছাড়া রাজশাহী এবং চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসনের সঙ্গে কথা বলেও সীমান্ত এলাকার পরিবেশ স্বাভাবিক রয়েছে বলেই জানা গেছে। চুয়াডাঙ্গার পুলিশ সুপার জানিয়েছে, সীমান্ত অতিক্রম করে প্রবেশের কোনো তথ্য তাদের কাছে নেই, এরকম কাউকে বিজিবি হস্তান্তরও করেনি। তবে অবৈধভাবে ভারত থেকে বাংলাদেশে প্রবেশের চেষ্টার সময় গত বুধবার দুইজন নারীকে আটক করে পুলিশে হস্তান্তর করেছে ঝিনাইদহ বিজিবি।

**বিজিবি যা বলছে**

পশ্চিমবঙ্গে বিজেপি সরকার দায়িত্ব নেওয়ার পরপরই কথিত 'বাংলাদেশি অনুপ্রবেশকারীদের' থাকতে না দেওয়ার ঘোষণা দিয়েছিলেন নতুন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এমন প্রেক্ষাপটে, পশ্চিমবঙ্গের রাজনৈতিক পটপরিবর্তনের এই বাস্তবতায়, সেখান থেকে বাংলাদেশে 'পুশ-ইন'-এর চেষ্টা আরও বাড়তে পারে বলেও ধারণা করেছিলেন অনেকে। গত মঙ্গলবার বাংলাদেশের সাতক্ষীরা অংশে ভারতে হাকিমপুর সীমান্ত দিয়ে কথিত 'বাংলাদেশি' পরিচয় দেওয়া কয়েকজনকে ভারত থেকে জোর করে বাংলাদেশে প্রবেশ করানোর চেষ্টা হয়েছিল। কিন্তু বিজিবির হস্তক্ষেপে সেই চেষ্টা সফল হয়নি বলেই দাবি করেছেন সাতক্ষীরা ৩৩ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল কাজী আশিকুর রহমান। তিনি জানান, এই ধরনের চেষ্টা ঠেকাতে সীমান্ত এলাকায় সতর্ক অবস্থানে রয়েছে বিজিবি সদস্যরা। একইসঙ্গে সীমান্ত এলাকায় মাইকিংও চালানো হচ্ছে। "ঈদের আগে গত ২৬ মে ভারত থেকে বাংলাদেশে 'পুশ-ইনের' সবশেষ চেষ্টা করা হয়েছিল। এরপর থেকে বিএসএফ এই চেষ্টা আর করেনি," বলেও দাবি করেন তিনি। বাংলাদেশি পরিচয় দেওয়া কয়েকশজনকে ভারত-বিজিবির কাছে হস্তান্তর করেছে কিনা, এই প্রশ্নের জবাবে মি. রহমান বলছেন, এমন কোনো ঘটনা ঘটেনি। "এই সীমান্ত দিয়ে 'পুশ-ইন' তো হয়ই নাই, এটা হওয়ার কোনো সুযোগও নাই। আমাদের কাছে যদি কাউকে হস্তান্তর করা হয়- এটা তো একটা অথরাইজড প্রক্রিয়া, গোপনে গোপনে হওয়ার মতো তো কিছু নেই," বিবিসি বাংলাকে বলেন তিনি। অনালাইনভিত্তিক বিভিন্ন গণমাধ্যমে বাংলাদেশিদের ফিরিয়ে দেওয়ার বিষয়ে যে তথ্য প্রচার করা হচ্ছে, সেটি সঠিক নয় বলেও দাবি করেন তিনি। মি. রহমান বলছেন, "যে-সব অনলাইন পোর্টালে এরকম নিউজ করা হয়েছে তাদের অনেকের সঙ্গে আমরা যোগাযোগ করেছি যে, এরকম নিউজ আপনারা কোথায় পেলেন। তারা ভারতীয় বিভিন্ন নিউজ পোর্টালের বরাত দিচ্ছে।" এছাড়া, সাতক্ষীরার কাকডাঙ্গা-হাকিমপুর সীমান্ত নিয়ে বিজিবির এই কর্মকর্তা বলছেন, "অনেক আগে হাকিমপুর ছিল ট্রেডিশনাল রুট। কিন্তু সিচুয়েশন এখন আগের মতো নাই। আমরা কঠোরভাবে ওদের যে-কোনো ধরনের অ্যাটেম্পট প্রতিহতও করছি।

(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৫.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## পররাষ্ট্রনীতি গ্রহণে বাংলাদেশকে নতুন করে ভাবতে হবে বলে মনে করেন বিশেষজ্ঞরা

বিশ্ব রাজনীতি ও অর্থনীতির বর্তমান বাস্তবতা দ্রুত পরিবর্তিত হচ্ছে। ভূ-রাজনৈতিক উত্তেজনা, জ্বালানি নিরাপত্তা, কৃত্রিম বুদ্ধিমত্তার উত্থান, খাদ্য সংকট এবং বৈশ্বিক ক্ষমতার ভারসাম্য পরিবর্তনের ফলে আন্তর্জাতিক সম্পর্কের কাঠামো নতুন রূপ নিচ্ছে। বিশেষ করে, মধ্যপ্রাচ্যকে কেন্দ্র করে চলমান অস্থিরতা, হরমুজ প্রণালিতে উত্তেজনা এবং বিশ্বব্যাপী জ্বালানি বাজারে অনিশ্চয়তা উন্নয়নশীল দেশগুলোর জন্য নতুন ধরনের ঝুঁকি তৈরি করেছে। বাংলাদেশ সরাসরি সংঘাতের অংশ না হলেও, বিশ্ব অর্থনীতির সঙ্গে সংযুক্ত থাকার কারণে এসব সংকটের প্রভাব থেকে মুক্ত থাকতে পারছে না। জ্বালানির মূল্যবৃদ্ধি, পরিবহণের ব্যয় বেড়ে যাওয়া, সার সংকট এবং খাদ্য দ্রব্যের দামের ঊর্ধ্বগতি, বাংলাদেশের অর্থনীতি ও সাধারণ মানুষের জীবনে প্রভাব ফেলছে। এই বাস্তবতায় বিশেষজ্ঞরা মনে করছেন, বাংলাদেশকে এখন এমন এক পররাষ্ট্রনীতি গ্রহণ করতে হবে, যা কেবল কূটনৈতিক ভারসাম্য রক্ষা করবে না বরং জাতীয় স্বার্থ, অর্থনৈতিক নিরাপত্তা এবং ভবিষ্যৎ উন্নয়ন সক্ষমতাকে অগ্রাধিকার দেবে। আরও বিস্তারিত থাকছে ওয়াহিদ ফারুকের প্রতিবেদনে :

এই প্রেক্ষাপটে চীন বাংলাদেশের জন্য একটি গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে বিবেচিত হচ্ছে। কারণ চীন শুধু একটি অর্থনৈতিক শক্তি নয় বরং উন্নয়ন ও প্রযুক্তিগত রূপান্তরের ক্ষেত্রেও একটি বড়ো উদাহরণ। চীনের গ্লোবাল ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ, গ্লোবাল সিকিউরিটি ইনিশিয়েটিভ এবং গ্লোবাল সিভিলাইজেশন ইনিশিয়েটিভ উন্নয়নশীল দেশগুলোর জন্য বিকল্প সহযোগিতার সুযোগ তৈরি করেছে। বিশেষজ্ঞদের মতে, বাংলাদেশ যদি বাস্তববাদী কৌশল গ্রহণ করে, তবে চীনের সঙ্গে সম্পর্ক আরো গভীর করার মাধ্যমে অবকাঠামো কৃষি প্রযুক্তি, শিক্ষা, জ্বালানি ও শিল্পখাতে বড়ো ধরনের সুবিধা অর্জন করতে পারে। বাংলাদেশ চীন সম্পর্কের ভিত্তি নিয়ে আলোচনা করতে গেলে শহিদ রাষ্ট্রপতি

জিয়াউর রহমানের সময়কাল বিশেষভাবে উল্লেখযোগ্য। ঐতিহাসিক তথ্য অনুযায়ী, স্বাধীনতার পর বাংলাদেশ যখন আন্তর্জাতিক কূটনীতিতে নিজের অবস্থান শক্তিশালী করার চেষ্টা করছিল, তখন জিয়াউর রহমান একটি ভারসাম্যপূর্ণ ও বাস্তববাদী পররাষ্ট্রনীতির অনুসরণ করে। ১৯৭৭ সালে তিনি চীন সফর করেন এবং সেই সফরে বাংলাদেশ ও চীনের মধ্যে অর্থনৈতিক ও কারিগরি সহযোগিতা চুক্তি স্বাক্ষরিত হয়। পরবর্তীতে ১৯৮০ সালের সফরে আরো কয়েকটি গুরুত্বপূর্ণ চুক্তি সম্পাদিত হয়। যার মধ্যে ঋণ সহযোগিতা এবং বেসামরিক বিমান চলাচল চুক্তিও ছিল। বিশ্লেষকদের মতে, এই সফরগুলো শুধু কূটনৈতিক সম্পর্কের আনুষ্ঠানিকতা ছিল না বরং দীর্ঘমেয়াদি সহযোগিতার একটি ভিত্তি তৈরি করেছিল। সেই সময়কার কূটনৈতিক দর্শনের মূল বিষয় ছিল সার্বভৌমত্বের প্রতি সম্মান, পারস্পরিক সুবিধা, অহস্তক্ষেপ এবং বাস্তবভিত্তিক সহযোগিতা। বর্তমান বাস্তবতায় সেই নীতির গুরুত্ব আবারও বাড়ছে। কারণ বিশ্ব রাজনীতিতে এখন নতুন ধরনের প্রতিযোগিতা তৈরি হয়েছে। যুক্তরাষ্ট্র ও চীনের মধ্যে প্রযুক্তি, বাণিজ্য এবং কৌশলগত আধিপত্য নিয়ে যে প্রতিযোগিতা চলছে, তার প্রভাব দক্ষিণ এশিয়াতেও পড়ছে। বাংলাদেশকে তাই অত্যন্ত সতর্কতার সঙ্গে নিজের অবস্থান নির্ধারণ করতে হবে। বিশেষজ্ঞদের মতে, বাংলাদেশকে কোনো পক্ষের সঙ্গে অন্ধভাবে জড়িয়ে পড়া উচিত নয়। বরং বাংলাদেশ ফার্স্ট নীতির আওতায় এমন সম্পর্ক গড়ে তুলতে হবে, যা দেশের উন্নয়ন ও অর্থনৈতিক স্বার্থকে অগ্রাধিকার দেবে। চীনের উন্নয়ন মডেলের কিছু দিক বাংলাদেশকে বিশেষভাবে আকৃষ্ট করছে। বিশেষ করে, হাই কোয়ালিটি ডেভেলপমেন্ট ধারণাকে উন্নয়নশীল দেশগুলোর মধ্যে নতুন আগ্রহ তৈরি করেছে। দীর্ঘদিন ধরে পশ্চিমা উন্নয়ন মডেলে শিল্পায়ন ও প্রবৃদ্ধিকে প্রধান গুরুত্ব দেওয়া হলেও পরিবেশগত ক্ষতি ও সামাজিক বৈষম্য অনেক সময় উপেক্ষিত থেকেছে। চীন এখন এমন একটি উন্নয়ন মডেল সামনে আনছে, যেখানে প্রযুক্তি, পরিবেশ সংরক্ষণ এবং জাতীয় বাস্তবতাকে একসঙ্গে বিবেচনা করা হচ্ছে। বাংলাদেশও জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশ হওয়ায় এই ধরনের অভিজ্ঞতা থেকে উপকৃত হতে পারে।

বিশেষজ্ঞরা বলছেন, বাংলাদেশের উন্নয়নকে এখন শুধু বড়ো বড়ো অবকাঠামো প্রকল্পের মধ্যে সীমাবদ্ধ রাখলে চলবে না। উন্নয়নের প্রকৃত অর্থ হলো মানুষের জীবনমান উন্নয়ন। শহরের বায়ু, পানি, সবুজ পরিবেশ, জনস্বাস্থ্য এবং খাদ্য নিরাপত্তাকেও উন্নয়ন পরিকল্পনার অংশ করতে হবে। চীনের শহরগুলোতে পকেট পার্ক, সবুজ করিডোর এবং নগর কৃষির যে ধারণা চালু হয়েছে, তা বাংলাদেশের জন্য কার্যকর হতে পারে। নগর এলাকায় ছোটো ছোটো কমিউনিটি গার্ডেন, রাস্তার পাশে ফলজ ও ঔষধি গাছ, খাল পাড়ে সবুজায়ন এবং স্কুলভিত্তিক কৃষি প্রকল্পে শহুরে জীবনে ইতিবাচক প্রভাব ফেলতে পারে। বিশেষজ্ঞদের মতে, এগুলো শুধু সৌন্দর্যবর্ধন নয়, বরং খাদ্য নিরাপত্তা মানসিক স্বাস্থ্য এবং পরিবেশগত স্থিতিশীলতার সঙ্গেও সম্পর্কিত। খাদ্য নিরাপত্তার ক্ষেত্রেও চীনের অভিজ্ঞতা বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ হয়ে উঠছে। সীমিত আবাসযোগ্য জমি থাকা সত্ত্বেও, চীন বিশ্বের সবচেয়ে বড়ো জনগোষ্ঠীর খাদ্য চাহিদা পূরণে সক্ষম হচ্ছে। এর পেছনে রয়েছে প্রযুক্তিনির্ভর কৃষি, উন্নত সেচ ব্যবস্থা, গবেষণা, বীজ উন্নয়ন এবং পরিকল্পিত উৎপাদন। বাংলাদেশের কৃষি খাত এখনো অনেকাংশে প্রথাগত পদ্ধতির উপর নির্ভরশীল। ফলে জলবায়ু পরিবর্তন, বন্যা, খরা এবং নদী ভাঙনের মতো সমস্যায় কৃষি উৎপাদন ঝুঁকির মুখে পড়ে। কৃষিতে প্রযুক্তি ব্যবহার, স্মার্ট সেচ ব্যবস্থা, আধুনিক বীজ এবং কৃষি গবেষণায় বিনিয়োগ বাড়ানো গেলে উৎপাদন উল্লেখযোগ্যভাবে বাড়ানো সম্ভব বলে মনে করছেন বিশেষজ্ঞরা। একইসঙ্গে, বাংলাদেশকে উন্নয়ন ফাঁদ থেকেও সতর্ক থাকতে হবে। অর্থনীতিবিদদের মতে, অনেক উন্নয়নশীল দেশ-বিদেশের ঋণনির্ভর মেগা প্রকল্প গ্রহণ করে দীর্ঘমেয়াদে অর্থনৈতিক সংকটে পড়েছে। অপ্রয়োজনীয় ব্যয়, উচ্চসুদের ঋণ এবং আমদানিনির্ভর উন্নয়ন মডেল অনেক সময় দেশীয় অর্থনীতিকে দুর্বল করে দেয়। বাংলাদেশকেও তাই প্রকল্প বাছাইয়ের ক্ষেত্রে বাস্তববাদী হতে হবে।

বিশেষজ্ঞদের মতে, এমন প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে, যা সরাসরি উৎপাদনশীলতা বাড়াবে এবং দেশীয় সক্ষমতা গড়ে তুলবে। এই বাস্তবতায় তরুণ জনগোষ্ঠীকে সবচেয়ে বড়ো শক্তি হিসাবে দেখা হচ্ছে। জাতিসংঘের তথ্য অনুযায়ী, বাংলাদেশের বিশাল যুব জনগোষ্ঠী ভবিষ্যতে অর্থনৈতিক উন্নয়নের প্রধান চালিকাশক্তি হতে পারে। তবে এজন্য প্রয়োজন দক্ষতা, প্রযুক্তিগত শিক্ষা এবং আধুনিক প্রশিক্ষণ। বিশ্লেষকদের মতে, বাংলাদেশ-চীন সহযোগিতার একটি বড়ো ক্ষেত্র হতে পারে কারিগরি শিক্ষা ও প্রযুক্তি প্রশিক্ষণ। কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবটিক্স, স্মার্ট ম্যানুফ্যাকচারিং, নবায়নযোগ্য জ্বালানি এবং ডিজিটাল প্রযুক্তির মতো যৌথ প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম তরুণদের জন্য নতুন সুযোগ তৈরি করতে পারে। বিশ্বব্যাপী কৃত্রিম বুদ্ধিমত্তার উত্থান তরুণদের মধ্যে এক দিকে উদ্বেগ সৃষ্টি করেছে, অন্যদিকে নতুন সম্ভাবনাও তৈরি করেছে। কারণ প্রচলিত অনেক চাকরিই ভবিষ্যতে স্বয়ংক্রিয় প্রযুক্তির কারণে পরিবর্তিত হতে পারে। তবে প্রযুক্তি বিশেষজ্ঞরা বলছেন, এআই নতুন ধরনের কর্মসংস্থানও সৃষ্টি করবে। চীনের এআই প্লাস মডেলকে এখন অনেক দেশ আগ্রহ নিয়ে পর্যবেক্ষণ করছে। এই মডেলে কৃত্রিম বুদ্ধিমত্তাকে নতুন জ্বালানি যানবাহন, ডিজিটাল অর্থনীতি, স্বয়ংক্রিয় ড্রাইভিং এবং স্মার্ট শিল্প ব্যবস্থার সঙ্গে যুক্ত করা হয়েছে। ফলে প্রযুক্তিনির্ভর নতুন শিল্প ও কর্মসংস্থানের সুযোগ তৈরি হয়েছে। বাংলাদেশও যদি সময়মতো প্রযুক্তি ও দক্ষতা উন্নয়নে বিনিয়োগ করতে পারে, তবে তরুণদের জন্য নতুন অর্থনৈতিক সম্ভাবনা তৈরি হতে পারে।

বাংলাদেশকে এখন বহুমুখী কূটনীতি অনুসরণ করতে হবে। একদিকে পশ্চিমা বিশ্বের সঙ্গে অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক বজায় রাখতে হবে, অন্যদিকে চীনসহ এশিয়ার উদীয়মান শক্তিগুলোর সঙ্গে বাস্তবভিত্তিক সহযোগিতা বাড়াতে

হবে। তবে সব ক্ষেত্রেই জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দিতে হবে। কারণ বর্তমান বিশ্বে টিকে থাকতে হলে ছোটো ও মাঝারি শক্তিগুলোকে অত্যন্ত কৌশলী হতে হয়। বাংলাদেশের জন্য আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হলো আত্মনির্ভরতা। শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সময় যে উৎপাদনমুখী রাষ্ট্রনীতির উপর গুরুত্ব দেওয়া হয়েছিল, সেটিকে এখন নতুন প্রেক্ষাপটে পুনর্মূল্যায়ন করা হচ্ছে। সেই সময় খাল খনন, কৃষি উৎপাদন, গ্রামীণ উন্নয়ন এবং স্থানীয় উদ্যোগের উপর বিশেষ জোর দেওয়া হয়েছিল। বর্তমান বাস্তবতায় সেই দর্শনকে প্রযুক্তিনির্ভর ও আধুনিক রূপ দেওয়া যেতে পারে। বিশেষজ্ঞদের মতে, বাংলাদেশের উন্নয়ন এমন হতে হবে, যা একইসঙ্গে উৎপাদনশীল, পরিবেশবান্ধব এবং ভবিষ্যৎমুখী। বর্তমান বিশ্ব ব্যবস্থা বাংলাদেশের জন্য যেমন চ্যালেঞ্জ তৈরি করছে, তেমনি নতুন সুযোগও সৃষ্টি করছে। চীনের সঙ্গে সম্পর্ক সেই বাস্তবতার আলোকে মূল্যায়ন করতে হবে। উন্নয়ন প্রযুক্তি, খাদ্য নিরাপত্তা, জ্বালানি স্থিতিশীলতা এবং তরুণদের দক্ষতা উন্নয়নের মতো ক্ষেত্রে সহযোগিতা বাড়ানো গেলে বাংলাদেশ ভবিষ্যতে আরও শক্তিশালী এবং আত্মবিশ্বাসী রাষ্ট্রে পরিণত হতে পারে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

(রেডিও তেহরান: ৩০.০৫.২০২৬ এলিনা, রুবাইয়া)

## এনএইচকে

### জাপানের সংসদে অনলাইন অভিবাসন স্ক্রিনিং সংক্রান্ত আইন পাস

জাপানের সংসদ অভিবাসন-সংক্রান্ত সংশোধিত আইন প্রণয়ন করেছে, যার মধ্যে বিদেশ থেকে আসা দর্শনার্থীদের জন্য আগমন পূর্ব স্ক্রিনিং প্রক্রিয়াকে সুবিন্যস্ত ও শক্তিশালী করার উদ্দেশ্যে একটি নতুন ইলেকট্রনিক ভ্রমণ অনুমোদন ব্যবস্থা চালু করাও অন্তর্ভুক্ত রয়েছে। শুক্রবার উচ্চকক্ষের পূর্ণাঙ্গ অধিবেশনে অভিবাসন নিয়ন্ত্রণ আইনের সংশোধনীটি সংখ্যাগরিষ্ঠ ভোটে অনুমোদিত হয়। জাপান ইলেকট্রনিক সিস্টেম ফর ট্রাভেল অথরাইজেশন বা জেস্টা ২০২৯ সালের মার্চ মাসের শেষ নাগাদ চালু করা হবে। এই ব্যবস্থার অধীনে, পর্যটন ও অন্যান্য উদ্দেশ্যে স্বল্পমেয়াদী ভিসা থেকে অব্যাহতিপ্রাপ্ত ৭০টিরও বেশি দেশ ও অঞ্চলের কিছু অস্থায়ী পর্যটককে জাপানে যাওয়ার আগে অভিবাসন স্ক্রিনিংয়ের সম্মুখীন হতে হবে। এই ব্যবস্থাটির লক্ষ্য হলো অভিবাসন যাচাই প্রক্রিয়াকে আরও মসৃণ করার পাশাপাশি সেগুলোকে আরও কঠোর করা, যাতে অবৈধভাবে দেশে থাকার উদ্দেশ্যে আসা বিদেশি নাগরিকরা প্রবেশ করতে না পারেন। সংশোধিত আইন অনুযায়ী, ২০২৭ সালের মার্চে শেষ হতে যাওয়া চলতি অর্থবছরে অভিবাসন-সংক্রান্ত ফি বাড়ানো হবে। বর্তমানে, বসবাসের অনুমতিপত্র সরাসরি নবায়ন বা পরিবর্তনের জন্য ফি ৬ হাজার ইয়েন বা প্রায় ৩৮ ডলার এবং অনলাইনের ফি ৫ হাজার ৫০০ ইয়েন বা প্রায় ৩৫ ডলার নির্ধারণ করা হয়েছে। সরকার তিন মাসের বসবাসের জন্য এই ফি বাড়িয়ে প্রায় ৬৩ ডলার এবং পাঁচ বছরের বসবাসের জন্য প্রায় ৪৩৯ ডলার করার কথা বিবেচনা করছে। স্থায়ী বসবাসের অনুমতিপত্র পাওয়ার ফি, যা বর্তমানে প্রায় ৬৩ ডলার, তা বেড়ে প্রায় ১ হাজার ২৫৫ ডলার হতে পারে। (এনএইচকে ওয়েব পেজ : ৩০.০৫.২০২৬ নারগীস)

## ডয়চে ভেলে

### বাংলাদেশে হামে মৃত্যু বেড়ে ৫৮৩, ২৪ ঘণ্টায় আরও ৮ শিশুর প্রাণহানি

বাংলাদেশে হামের উপসর্গে গত ২৪ ঘণ্টায় আরও আট শিশুর মৃত্যু হয়েছে। শনিবার স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদনে জানানো হয়, এই সময়ে ঢাকায় তিনজন, সিলেটে দু-জন, চট্টগ্রামে একজন এবং ময়মনসিংহে দু-জন শিশু মারা গেছে। গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত হামের উপসর্গে ৪৯৩ শিশু এবং হাম শনাক্তের পর ৯০জন শিশু মারা গেছে। সব মিলিয়ে মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৫৮৩। বাংলাদেশে হামের উপসর্গে গত ২৪ ঘণ্টায় আরও আট শিশুর মৃত্যু হয়েছে। শনিবার স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদনে জানানো হয়, এই সময়ে ঢাকায় তিনজন, সিলেটে দু-জন, চট্টগ্রামে একজন এবং ময়মনসিংহে দু-জন শিশু মারা গেছে। গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত হামের উপসর্গে ৪৯৩ শিশু এবং হাম শনাক্তের পর ৯০জন শিশু মারা গেছে। সব মিলিয়ে মোট মৃতের সংখ্যাদাঁড়িয়েছে ৫৮৩।

(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ৩০.০৫.২০২৬ রনি)

### কেনেডি সেন্টার থেকে সরছে ট্রাম্পের নাম, আদালতের রায়

যুক্তরাষ্ট্রের একটি ফেডারেল আদালত রায় দিয়েছেন যে, কেনেডি সেন্টার ফর দ্য পারফর্মিং আর্টস-এর নাম পরিবর্তন বা সংস্কারের এখতিয়ার একমাত্র কংগ্রেসের। ফলে ট্রাম্প প্রশাসনের উদ্যোগে ভবনের গায়ে যুক্ত করা ট্রাম্পের নাম সরিয়ে নিতে হবে। বিচারক ক্রিস্টোফার কুপার তার রায়ে বলেন, কেনেডি সেন্টারের নাম কংগ্রেস দিয়েছে, একমাত্র কংগ্রেসই তা পরিবর্তন করতে পারে। তিনি কেনেডি সেন্টার বোর্ডের সংস্কারের সিদ্ধান্তকেও বেআইনি বলে উল্লেখ করেন। রায়ের পর ট্রাম্প বলেন, "বিচারক ওবামার আমলে নিযুক্ত এবং তার লজ্জিত হওয়া উচিত।" তবে একইসঙ্গে তিনি সংস্কার পরিকল্পনা বাতিল করে কেন্দ্রের নিয়ন্ত্রণ কংগ্রেসের হাতে ফিরিয়ে দেওয়ার ঘোষণা দেন। এই রায়কে ওয়াশিংটনের ঐতিহ্যবাহী স্থাপনায় নিজের ছাপ রাখার ট্রাম্পের প্রচেষ্টায় আরেকটি আইনি ধাক্কা হিসেবে দেখা হচ্ছে।

(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ৩০.০৫.২০২৬ রনি)

### মিয়ানমারের সেনা সমর্থিত প্রেসিডেন্টের ভারত সফর

মিয়ানমারের সেনা সমর্থিত সরকারের প্রেসিডেন্ট মিন অং হ্লাইং শনিবার ভারত সফরে রওয়ানা হয়েছেন। এপ্রিলে প্রেসিডেন্ট হিসেবে শপথ নেওয়ার পর এটি তার প্রথম ভারত সফর। এর আগে, ২০১৯ সালে সামরিক প্রধান হিসেবে তিনি শেষবার ভারতে গিয়েছিলেন। সফরে তিনি ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বৈঠক করবেন। দুই দেশের মধ্যে অর্থনৈতিক, ধর্মীয়, সাংস্কৃতিক ও সামাজিক সহযোগিতা জোরদার করাই সফরের মূল লক্ষ্য। ২০২১ সালে সামরিক অভ্যুত্থানের পর পশ্চিমা দেশগুলো মিয়ানমারের ওপর নিষেধাজ্ঞা আরোপ করলেও ভারত সামরিক সরকারের সঙ্গে সম্পর্ক বজায় রেখেছে। দুই দেশের মধ্যে এক হাজার ৬৪৩ কিলোমিটার দীর্ঘ স্থল সীমান্ত রয়েছে এবং সীমান্ত নিরাপত্তা ও গোয়েন্দা তথ্য আদান-প্রদানে দুই দেশ একসঙ্গে কাজ করে। তবে এই সফরের তীব্র সমালোচনা করেছে মানবাধিকার সংগঠন জাস্টিস ফর মিয়ানমার। সংগঠনটির মুখপাত্র ইয়াদানার মং বলেন, মিন অং হ্লাইং একজন যুদ্ধাপরাধী এবং ভারতের এই সফরের আয়োজন সামরিক জান্তাকে বৈধতা দেওয়ার শামিল।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩০.০৫.২০২৬ রনি)

## ইরানের বিরুদ্ধে আবারও যুদ্ধ শুরু করতে সক্ষম যুক্তরাষ্ট্র : হেগসেথ

প্রয়োজনে ইরানের বিরুদ্ধে আবারও যুদ্ধ শুরু করার সক্ষমতা যুক্তরাষ্ট্রের রয়েছে বলে জানিয়েছেন মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ। সিঙ্গাপুরে একটি প্রতিরক্ষা সম্মেলনে বক্তব্য দেওয়ার সময় শনিবার তিনি এ কথা বলেন। হেগসেথ বলেন, "'প্রয়োজনে পুনরায় শুরু করার সক্ষমতা আমাদের রয়েছে। আমাদের মজুত এর জন্য যথেষ্ট, দেশে এবং বিশ্বজুড়ে।" তিনি আরও বলেন, ইরান যাতে পারমাণবিক অস্ত্র তৈরি করতে না পারে, তা নিশ্চিত করা যুক্তরাষ্ট্রের বৈশ্বিক দায়িত্ব। সম্ভাব্য যুদ্ধবিরতি আলোচনা প্রসঙ্গে হেগসেথ বলেন, ইরানের সঙ্গে যে-কোনো চুক্তিই ভালো চুক্তি হবে। তবে একইসঙ্গে, সামরিক শক্তি প্রয়োগের সম্ভাবনা খোলা রাখার বার্তা দিলেন তিনি, যা মধ্যপ্রাচ্যে উত্তেজনা আরও বাড়িয়ে তুলতে পারে বলে বিশ্লেষকরা মনে করছেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩০.০৫.২০২৬ রনি)

## লেবাননের সাতটি গ্রামের বাসিন্দাদের সরিয়ে নিতে ইসরায়েলের নির্দেশ

ইসরায়েলি সেনাবাহিনী লেবাননের দক্ষিণাঞ্চলের সাতটি গ্রামের বাসিন্দাদের এলাকা ছেড়ে যাওয়ার নির্দেশ দিয়েছে। হিজবুল্লাহর ঘাঁটিতে হামলার আগে এই সতর্কতা জারি করা হয়েছে। ইসরায়েলি সামরিক মুখপাত্র আভিচাই আদ্রাই দাবি করেন, যুদ্ধবিরতি লঙ্ঘনেরকারণে সেনাবাহিনী 'নির্ণায়ক পদক্ষেপ' নিতে বাধ্য হচ্ছে। নাবাতিয়েহসহ বেশ কয়েকটি এলাকার নাম উল্লেখ করা হয়েছে সতর্কবার্তায়। একই সময়ে ওয়াশিংটনে ইসরায়েল ও লেবাননের সামরিক কর্মকর্তারা বৈঠক করেছেন। পেন্টাগনের দ্বিতীয় শীর্ষ কর্মকর্তা এলব্রিজ কলবি জানিয়েছেন, বৈঠকটি 'ফলপ্রসূ' হয়েছে এবং এটি আগামী সপ্তাহের কূটনৈতিক আলোচনার ভিত্তি তৈরি করবে। তবে ইরান-সমর্থিত হিজবুল্লাহ এই আলোচনায় অংশ নিচ্ছে না এবং যে-কোনো সমঝোতা প্রত্যাখ্যান করেছে। ফলে যুদ্ধবিরতি কার্যকর থাকা নিয়ে উদ্বেগ বাড়ছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩০.০৫.২০২৬ রনি)

# জাগো নিউজ

## জিয়ার আদর্শে দেশ গঠনে আত্মনিয়োগের আহ্বান প্রধানমন্ত্রীর

বিএনপির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি শহিদ জিয়াউর রহমানের আদর্শ অনুসরণ করে দেশ গঠনের কাজে আত্মনিয়োগের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। শনিবার (৩০ মে) দুপুরে রাজধানীর কুড়িল বিশ্বরোড এলাকায় আয়োজিত এক অনুষ্ঠানে দেওয়া বক্তব্যে তিনি এ আহ্বান জানান। জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে এ অনুষ্ঠান আয়োজন করা হয়। উপস্থিত নেতা-কর্মী ও সর্বসাধারণের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন, শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের রাজনীতি ছিল মানুষের পাশে দাঁড়ানো, মানুষকে সহযোগিতা করা এবং দেশ গঠন করা। শহিদ জিয়ার সেই আদর্শে দীক্ষিত হয়ে দেশ গঠনের কাজে নিজেকে নিয়োজিত করার শপথ নিন। তারেক রহমান বলেন, "আজ শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের শাহাদাতবার্ষিকী। প্রতিবারের মতো এবারও চেষ্টা করছি, দুঃস্থ মানুষকে বিভিন্নভাবে সাহায্য বা সহযোগিতা করে দিনটিকে স্মরণীয় রাখতে, যেহেতু আল্লাহ আমাদের প্রিয় দল বিএনপিকে দেশ পরিচালনার সুযোগ দিয়েছেন। এজন্য শুধু সরকার না, সরকারের সঙ্গে দলের প্রত্যেকটি নেতা-কর্মী যে যেখানেই, যে অবস্থায় থাকুন না কেন, সেখান থেকেই যদি কাউকে সহযোগিতা করেন, তাহলেই শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হবে।" দেশ গঠনে নাগরিক হিসেবে প্রতিটি মানুষকে এগিয়ে আসারও আহ্বান জানান বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। এসময় দলের বিভিন্ন স্তরের নেতাকর্মী ও সমর্থকেরা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৫.২০২৬ রুবাইয়া)

## দুঃস্থদের মাঝে খাদ্যসামগ্রী ও বস্ত্র বিতরণ উদ্‌বোধন করলেন প্রধানমন্ত্রী

বিএনপির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে দুঃস্থ ও অসহায় মানুষের মাঝে খাদ্যসামগ্রী ও বস্ত্র বিতরণ কার্যক্রমের উদ্‌বোধন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার (৩০ মে) বেলা সাড়ে ১১টায় মানিক মিয়া অ্যাভিনিউয়ে রাজধানী উচ্চবিদ্যালয় মাঠে এ কর্মসূচি উদ্‌বোধন করেন তিনি। জিয়াউর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ বিএনপির উদ্যোগে রাজধানীর ১৬টি স্থানে এ কর্মসূচি আয়োজন করা হয়েছে। এসব স্থানের মধ্যে রয়েছে মানিক মিয়া অ্যাভিনিউ, শ্যামলী স্কয়ার, সরকারি বাংলা

কলেজ এলাকা, পল্লবী মেট্রো স্টেশন, ইসিবি চত্বর, কুড়িল বিশ্বরোড, ফুজি ট্রেড সেন্টার, জোড়পুকুর খেলার মাঠ, বাংলাবাজার, যাত্রাবাড়ী, জুরাইন ও ধানমন্ডিসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকা।
(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৫.২০২৬ রুবাইয়া)

**প্রধানমন্ত্রীর অসন্তোষ, পরিষ্কার হচ্ছে হাতিরঝিল**

রাজধানীর অন্যতম নান্দনিক বিনোদনকেন্দ্র হাতিরঝিল। ঈদের ছুটিতে প্রতিদিনই এখানে ভিড় করছেন হাজারো দর্শনার্থী। তবে দর্শনার্থীদের ফেলে যাওয়া ময়লা, বিভিন্ন স্থানে জমে থাকা আগাছা ও অপরিচ্ছন্ন পরিবেশ নিয়ে শুক্রবার (২৯ মে) হাতিরঝিল পরিদর্শন করে অসন্তোষ প্রকাশ করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তার সেই অসন্তোষের পরদিনই শনিবার (৩০ মে) সকাল থেকে শুরু হয়েছে ব্যাপক পরিচ্ছন্নতা কার্যক্রম। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) উদ্যোগে ভোর ৬টা থেকে হাতিরঝিলের বিভিন্ন এলাকায় একযোগে পরিচ্ছন্নতা অভিযান শুরু হয়। দুপুর ১২টার দিকে সরেজমিনে গিয়ে দেখা যায়, পরিচ্ছন্ন কর্মীরা ব্যস্ত সময় পার করছেন। কেউ ঝাড়ু দিয়ে হাঁটার পথ পরিষ্কার করছেন, কেউ সড়কের পাশে গজিয়ে ওঠা আগাছা কাটছেন, আবার কেউ ট্রাকে করে ময়লা-আবর্জনা অপসারণ করছেন। হাতিরঝিলের অ্যাম্ফিথিয়েটার এলাকা থেকে শুরু করে পুলিশ প্লাজা সংলগ্ন অংশ, মেরুল বাড্ডা সংযোগ সড়ক এবং বিভিন্ন হাঁটার পথজুড়ে চলছে এই পরিচ্ছন্নতা কার্যক্রম। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৫.২০২৬ রুবাইয়া)

**শহিদ জিয়ার ভাষণ বাংলাদেশের জনগণকে জাতীয় মুক্তির দিকে নিয়েছিল**

দলের প্রতিষ্ঠাতা ও শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীরউত্তম-এর ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি পালন করছে বিএনপি ও এর অঙ্গ ও সহযোগী সংগঠনগুলো। এ দিনে তার স্মরণে একটি বিবৃতি দিয়েছে ঢাকাস্থ ভারতীয় হাইকমিশন। শনিবার (৩০ মে) নিজেদের ভেরিফায়েড ফেসবুক পেজে হাইকমিশন এ বিবৃতি দেয়। বিবৃতিতে তারা উল্লেখ করে, আজ বাংলাদেশের জনগণ যখন জাতির অন্যতম শ্রেষ্ঠ সন্তান শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান, বীরউত্তম-এর স্মরণে সমবেত হয়েছে, তখন আমরা ১৯৭১ সালের মার্চ মাসে তার কণ্ঠে ধ্বনিত সেই বিখ্যাত বেতার ভাষণের কথা স্মরণ করছি, যা জনগণকে উদ্দীপ্ত করেছিল, নিপীড়নের বিরুদ্ধে প্রতিরোধের পথে তাদের অনুপ্রাণিত করেছিল এবং জাতীয় মুক্তির দিকে এগিয়ে নিয়ে গিয়েছিল। বিবৃতিতে আরও উল্লেখ করা হয়, আজও তখনকার মতোই, ভারত বাংলাদেশের জনগণের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে অভিন্ন আত্মত্যাগের এক গৌরবগাঁথা এবং উভয় দেশের জনগণের অগ্রগতি ও সমৃদ্ধির অভিন্ন যাত্রায় পাশে রয়েছে।(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৫.২০২৬ রুবাইয়া)

**শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আদর্শ নতুন প্রজন্মকে অনুপ্রাণিত করবে : রাষ্ট্রপতি**

শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সাদাসিধে নির্মোহ জীবন, বলিষ্ঠ ব্যক্তিত্ব, প্রশ্নাতীত সততা এবং একজন বাস্তববাদী ও কর্মোদ্যমী রাষ্ট্রনায়কের স্বরূপ জনগণের মণিকোঠায় চিরজাগরূক থাকবে, এমনটাই বলেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে দেওয়া এক বাণীতে রাষ্ট্রপতি এসব কথা বলেন। রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন, শহিদ জিয়ার কর্মময় জীবন, অগাধ দেশপ্রেম, দুর্নীতির বিরুদ্ধে কঠোর নীতি, ন্যায় ও সুবিচার প্রতিষ্ঠায় অটলতা, স্বনির্ভর উন্নয়ন ভাবনা ও জীবন আদর্শ নতুন প্রজন্মের জন্য চিরকাল অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে। রাষ্ট্রপ্রধান শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, ১৯৮১ সালের ৩০ মে চট্টগ্রাম সার্কিট হাউসে দেশবিরোধী গভীর ষড়যন্ত্রের শিকার হয়ে তিনি নির্মমভাবে শহিদ হন। তিনি বলেন, মহান স্বাধীনতা যুদ্ধের এই বীর সেনানায়ক, স্বাধীনতার ঘোষক, বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তক, আধুনিক বাংলাদেশের স্থপতি এবং দূরদর্শী রাষ্ট্রনায়ক হিসেবে তার অসামান্য অবদান জাতি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। রাষ্ট্রপতি বলেন, মহান মুক্তিযুদ্ধের উষালগ্নে ২৬ মার্চের প্রথম প্রহরে তিনি পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধে ঝাঁপিয়ে পড়ার আহ্বান জানান। তার এই আহ্বান ও স্বাধীনতার ঘোষণা সমগ্র জাতিকে মুক্তিযুদ্ধে সক্রিয় অংশগ্রহণে উদ্বুদ্ধ করেছিল। মুক্তিযুদ্ধে অসামান্য বীরত্ব ও অবদানের জন্য তিনি 'বীরউত্তম' খেতাবে ভূষিত হন। তিনি বলেন, রাষ্ট্র পরিচালনার দায়িত্ব নিয়ে জিয়াউর রহমান দেশে বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠা, বাক্-ব্যক্তি ও সংবাদপত্রের স্বাধীনতা নিশ্চিত করেন এবং বাংলাদেশি জাতীয়তাবাদের চেতনায় গোটা জাতিকে ঐক্যবদ্ধ করেন। রাষ্ট্রপতি বলেন, দেশের আর্থ-সামাজিক উন্নয়ন, বিনিয়োগ ও রপ্তানি প্রবৃদ্ধি, স্বনির্ভরতা অর্জন এবং জনগণের জীবনমান উন্নয়নে তিনি বহুমুখী পরিকল্পনা ও যুগান্তকারী কর্মসূচি গ্রহণ করেন। তার ঘোষিত ১৯ দফা কর্মসূচি ছিল একটি উৎপাদনমুখী ও আত্মনির্ভর বাংলাদেশ গড়ার রূপরেখা। তিনি আরও বলেন, আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের স্বার্থ সমুন্নত রাখতে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান একটি ভারসাম্যপূর্ণ পররাষ্ট্রনীতি গ্রহণ করেছিলেন। মধ্যপ্রাচ্যসহ বিভিন্ন দেশে বাংলাদেশের শ্রমবাজার উন্মুক্ত করার ক্ষেত্রেও তার অবদান ছিল গুরুত্বপূর্ণ। রাষ্ট্রপতি বলেন, দেশ পরিচালনায় তিনি স্বল্প সময় পেলেও, গভীর দেশপ্রেম, ন্যায়পরায়ণতা, কর্তব্যনিষ্ঠা ও দূরদর্শিতার সঙ্গে দেশকে এগিয়ে নিয়েছেন, যা আজও এক সমুজ্জ্বল দৃষ্টান্ত হয়ে আছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৫.২০২৬ রুবাইয়া)

**নিজ নিজ অবস্থান থেকে রাষ্ট্র গঠনে সহযোগিতার আহ্বান প্রধানমন্ত্রীর**

নিজ নিজ অবস্থান থেকে সবাইকে রাষ্ট্র গঠনের কাজে সহযোগিতা করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। শনিবার (৩০ মে) দুপুরে রাজধানীর ইসিবি চত্বরে ঢাকা মহানগর উত্তর বিএনপি আয়োজিত

শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে দুঃস্থদের মাঝে কাপড় ও খাবার বিতরণ অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। আজকের কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, আমরা অঙ্গীকার করি, সমাজের সবাই বিভিন্নভাবে একে অন্যের সাহায্য ও সহযোগিতা করবো। একজন নাগরিক হিসেবে যদি সবাই সবার নিজ নিজ অবস্থান থেকে একে অন্যের প্রতি সহযোগিতা করি, তাহলেই শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের এই মৃত্যুবার্ষিকীতে তার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হবে। দেশবাসীর প্রতি উদাত্ত আহ্বান জানিয়ে তিনি বলেন, আসুন আমরা আজকে সেই কাজটি করি। আমরা প্রত্যেকে যার যার অবস্থান থেকে চেষ্টা করি, যারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে দেশ গঠনে কাজ করছে, তাদের সহযোগিতা করবো। তাদের সাহায্য করবো, একজন নাগরিক হিসেবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৫.২০২৬ রুবাইয়া)

## জিয়াউর রহমানের সমাধিতে শ্রদ্ধা জানালেন প্রধানমন্ত্রী

দলের প্রতিষ্ঠাতা ও শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তমের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে জিয়া উদ্যানে তার সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। শনিবার (৩০ মে) বেলা ১১টায় তারেক রহমানের নেতৃত্বে দলের কেন্দ্রীয় নেতারা এবং সর্বস্তরের নেতা-কর্মীরা শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের মাজারে পুষ্পস্তবক অর্পণ ও জিয়ারত করেন। পরে ফাতিহা পাঠ এবং বিশেষ মোনাজাতে অংশ নিয়ে শহিদ রাষ্ট্রপতির রুহের মাগফেরাত কামনা করেন। এসময় উপস্থিত ছিলেন বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়, এ জেড এম জাহিদ হোসেন, ড. আব্দুল মঈন খান, দলের সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হকসহ দল ও সরকারের বিভিন্ন পর্যায়ের নেতারা। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৫.২০২৬ রুবাইয়া)

## ঝিনাইদহে বিএনপির দুইপক্ষে সংঘর্ষ, আহত ৫

ঝিনাইদহের শৈলকুপায় বিএনপির দুইপক্ষে সংঘর্ষ ঘটেছে। এসময় ইট-পাটকেল নিক্ষেপ ও হাতাহাতিতে উভয়পক্ষের অন্তত পাঁচজন আহত হন। শুক্রবার (২৯ মে) রাত ৮টার দিকে উপজেলার শেখড়া বাজারে এ ঘটনা ঘটে। আহতরা হলেন শহীদ বিশ্বাস, দানেফ, শাহিন বিশ্বাস, বাবুল বিশ্বাস ও এনামুল বিশ্বাস। স্থানীয় বাসিন্দা ও পুলিশ জানায়, আধিপত্য বিস্তার নিয়ে দীর্ঘদিন ধরে নিত্যানন্দপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি গোলাম মোস্তফা ও ইউনিয়ন বিএনপির উপদেষ্টামণ্ডলীর সদস্য আব্দুস সালামের মধ্যে বিরোধ চলে আসছে। এর জেরে রাতে শেখড়া বাজারে উভয়পক্ষের সমর্থকরা সংঘর্ষে জড়িয়ে পড়েন। আহতদের মধ্যে শহীদ বিশ্বাসের অবস্থা গুরুতর হওয়ায় এলাকাবাসী তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করান। বাকিরা স্থানীয় স্বাস্থ্যকেন্দ্র থেকে প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। সংঘর্ষের পর এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির মোল্লা বলেন, খবর পেয়ে স্থানীয় পুলিশ ফাঁড়ি ও শৈলকুপা থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে যায়। পরিস্থিতি এখন স্বাভাবিক রয়েছে।(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৫.২০২৬ রুবাইয়া)

## ময়মনসিংহে পিকআপ-সিএনজি সংঘর্ষে বাবা-ছেলে নিহত

ময়মনসিংহ সদরে পিকআপ ভ্যান ও সিএনজিচালিত অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে বাবা ও তার তিন বছর বয়সি ছেলে নিহত হয়েছেন। শনিবার (৩০ মে) সকাল সাড়ে ৯টার দিকে সদর উপজেলার শম্ভুগঞ্জ আলালপুর আমতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- হালুয়াঘাট উপজেলার বাসিন্দা মো. জাহাঙ্গীর (৩১) এবং তার ছেলে রুহান (৩)। পারিবারিক সূত্রে জানা গেছে, জাহাঙ্গীর ঢাকায় কাপড়ের ব্যবসা করতেন। জানা গেছে, ঈদ উপলক্ষ্যে পরিবার নিয়ে শ্বশুর বাড়িতে যাওয়ার উদ্দেশ্যে ময়মনসিংহ থেকে রওয়ানা হয়েছিলেন। পথে সদরের আলালপুর আমতলা এলাকায় পৌঁছালে দুর্ঘটনার শিকার হন তারা। প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে মহাসড়কে দ্রুতগতির একটি পিকআপভ্যানের সঙ্গে সিএনজিচালিত অটোরিকশার সংঘর্ষ হয়। এতে সিএনজিটি দুমড়ে-মুচড়ে গিয়ে ঘটনাস্থলেই বাবা-ছেলে মারা যান। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৫.২০২৬ রুবাইয়া)

## বৈষম্যহীন ও গণতান্ত্রিক বাংলাদেশ গঠনে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শে উদ্বুদ্ধ হয়ে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করে যেতে হবে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। এ সময় তিনি ২০২৪ সালের ৫ আগস্টের ছাত্র গণ-অভ্যুত্থানের মূল আকাঙ্ক্ষা অনুযায়ী একটি বৈষম্যহীন, গণতান্ত্রিক ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে কাজ করার আহ্বান জানান। জিয়াউর রহমান বীরউত্তম-এর শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে শনিবার (৩০ মে) তার সমাধিতে পুষ্পস্তবক অর্পণ ও জিয়ারত শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি এ মন্তব্য করেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আজকের দিনটি বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এবং এ দেশের সমগ্র গণমানুষের জন্য অত্যন্ত দুঃখ-ভারাক্রান্ত ও স্মৃতিময় একটি দিন। শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান আমৃত্যু বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব এবং অগ্রগতির অতন্দ্র প্রহরী হিসেবে অনন্য ভূমিকা পালন করে গেছেন। ১৯৭১ সালের মহান স্বাধীনতার ঘোষণার মধ্যদিয়ে তার যে ঐতিহাসিক উত্থান ঘটেছিল, দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করতে গিয়েই তিনি শাহাদাত বরণ করেছেন। তিনি বলেন, বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব এবং গণতন্ত্রের মূল ঠিকানা হচ্ছে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং বেগম খালেদা জিয়ার প্রদর্শিত পথ। আমরা এই

গভীর শোককে শক্তিতে পরিণত করেছি। শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান আমাদের শিখিয়েছেন, কীভাবে সব মানুষের মধ্যে ইস্পাত কঠিন ঐক্য সৃষ্টি করে জাতীয় সমৃদ্ধির পথে এগিয়ে যেতে হয়। আমরা তার প্রতিষ্ঠিত বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) বাংলাদেশি জাতীয়তাবাদের ভিত্তিতে বহুদলীয় গণতন্ত্রের আদর্শের রাজনীতি করি। গণতন্ত্রের প্রতি বর্তমান সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, যতদিন বাংলাদেশ থাকবে, ততদিন এই দেশটিকে সম্পূর্ণ গণতান্ত্রিক ধারায় পরিচালিত করা হবে। ৫ আগস্টের ছাত্র গণ-অভ্যুত্থানের যে চেতনা, তার আলোকেই দেশের গণতন্ত্রের ভিত্তিকে আরও সুদৃঢ় ও শক্তিশালী করা হবে। এসময় স্বরাষ্ট্রমন্ত্রী দেশের গণতন্ত্র রক্ষায় বেগম খালেদা জিয়ার সীমাহীন ত্যাগ ও সংগ্রামের কথা সশ্রদ্ধচিত্তে স্মরণ করেন। তিনি বলেন, বেগম খালেদা জিয়া এ দেশের গণতন্ত্রের জন্য সবচেয়ে বেশি লড়াই ও ত্যাগ স্বীকার করেছেন। আমরা এখানে এসে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও বেগম খালেদা জিয়ার আত্মার মাগফেরাত কামনার পাশাপাশি, দেশের সার্বিক কল্যাণের জন্য দোয়া করি এবং দেশ ও জনগণের সেবায় নতুন করে অনুপ্রাণিত হই।(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৫.২০২৬ রুবাইয়া)

## জিয়াউর রহমানের রূপকল্প চলচ্চিত্রে বাস্তবায়ন করতে হবে : ড. মঈন খান

ড. মঈন খান বলেছেন, শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের রূপকল্প চলচ্চিত্রে বাস্তবায়ন করতে হবে। তিনি বলেন, শহিদ রাষ্ট্রপতি জাতীয় চলচ্চিত্র পুরস্কার ও চলচ্চিত্র অনুদান প্রবর্তন করেছেন, বাংলাদেশ ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউট এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠা করেছেন, বিটিভিকে সাদা কালো থেকে রঙিন করেছেন এবং বিএফডিসির আধুনিকায়ন করেছেন। তিনি আরও বলেন, বিএনপি যখন ক্ষমতায় থাকে, তখন চলচ্চিত্রের উন্নয়ন সবচেয়ে বেশি হয়েছে। অতীতের অভিজ্ঞতার ভিত্তিতে বিএনপি সরকার আবারও চলচ্চিত্র শিল্পের উন্নয়নে কাজ করবে। বাংলাদেশ জাতীয়তাবাদী চলচ্চিত্র পরিষদের আয়োজনে বিএফডিসি গেটে মহান স্বাধীনতার ঘোষক শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে ৫০০ শতাধিক মানুষের মাঝে শাড়ি ও লুঙ্গি বিতরণ করা হয়েছে। শনিবার (৩০ মে) বেলা ১১টায় অনুষ্ঠিত ত্রাণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. মঈন খান এমপি। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৫.২০২৬ রুবাইয়া)

## অটোমেশন হচ্ছে স্বাস্থ্যখাত, আসছে জাতীয় ই-প্রেসক্রিপশন

দেশের স্বাস্থ্যখাতে দীর্ঘদিনের অনিয়ম, নগদ লেনদেনের অস্বচ্ছতা, রোগীর চিকিৎসা ইতিহাস সংরক্ষণে দুর্বলতা এবং চিকিৎসকদের আয়ের প্রকৃত তথ্য গোপনের অভিযোগ মোকাবিলায় পুরো খাতকে অটোমেশনের আওতায় আনার চিন্তা-ভাবনা করছে সরকার। স্বাস্থ্যসেবা অটোমেশনের অংশ হিসেবে কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক (এআই) জাতীয় ই-প্রেসক্রিপশন, কেন্দ্রীয় রোগী ডাটাবেইস, রেফারেল সিস্টেম ও প্রেসক্রিপশন অডিট চালুর পরিকল্পনা নেওয়া হয়েছে। একইসঙ্গে, চিকিৎসকদের ফি ডিজিটাল মাধ্যমে গ্রহণ এবং সেই লেনদেনের রেকর্ড সংরক্ষণেরও চিন্তা-ভাবনা হচ্ছে বলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় থেকে জানা গেছে। সংশ্লিষ্টরা বলছেন, এসব উদ্যোগ বাস্তবায়িত হলে দেশের স্বাস্থ্য ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহি বাড়বে। রোগীর চিকিৎসা ইতিহাস সহজে সংরক্ষণ ও যাচাই করা যাবে। একইসঙ্গে, চিকিৎসকদের প্রকৃত আয়, রোগী দেখার সংখ্যা ও ফি গ্রহণের তথ্যও কর প্রশাসনের আওতায় চলে আসবে। স্বাস্থ্য মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এবং স্বাস্থ্যখাত সংশ্লিষ্ট বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে কথা বলে জানা গেছে, সরকার স্বাস্থ্য সেবাকে ধাপে ধাপে পুরোপুরি ডিজিটাল কাঠামোয় নিয়ে যেতে চায়। এর অংশ হিসেবে হাসপাতাল ব্যবস্থাপনা, প্রেসক্রিপশন, রোগী রেফারেল, ঔষধ ব্যবস্থাপনা, বিলিং ও আর্থিক লেনদেনকে একই প্ল্যাটফর্মে আনার পরিকল্পনা চলছে। এ বিষয়টি বিএনপির নির্বাচন ইশতেহারে রয়েছে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অতিরিক্ত সচিব (হাসপাতাল অনুবিভাগ) মো. খোরশেদ আলম জাগো নিউজকে বলেন, "ই-প্রেসক্রিপশন চালু নিয়ে আমরা কাজ করছি। ই-প্রেসক্রিপশন, রেফারেল সিস্টেম ও অটোমেশন- সব মিলিয়ে একটি সমন্বিত ব্যবস্থা হবে।" তিনি বলেন, "এখন একজন রোগী উপজেলা হাসপাতালে চিকিৎসা নিলে সেই কাগজপত্র পরে অন্য হাসপাতালে নিয়ে যেতে হয়। অনেক সময় তা হারিয়ে যায়। কিন্তু অটোমেশন চালু হলে রোগীর সব তথ্য ডিজিটালি সংরক্ষিত থাকবে।" (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ রিহাব)

## খুলনায় ভাড়া বাসা থেকে নানি ও দুই নাতির মরদেহ উদ্ধার

খুলনা মহানগরীর সোনাডাঙ্গা এলাকার সুজুকি গলির পাশের একটি ভাড়া বাসা থেকে একই পরিবারের নানি ও দুই নাতির মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শনিবার (৩০ মে) সন্ধ্যা ৬টার দিকে মরদেহগুলো উদ্ধার করা হয়। প্রাথমিকভাবে হত্যাকাণ্ডের কারণ জানা যায়নি। নিহতরা হলেন- নানি বেবি (৬৫) এবং তার দুই নাতি শামীম (১২) ও মুস্তাকিম (৪)। সোনাডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম মরদেহ উদ্ধারের বিষয়টি নিশ্চিত করেছেন। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, শামীম ও মুস্তাকিমের মায়ের নাম মেরি (৩৫)। মেরির প্রথম স্বামী মাসুমের সন্তান শামীম ও মুস্তাকিম। মেরির দ্বিতীয় স্বামীর নাম রফিকুল ইসলাম। চার বছর আগে রফিকুলের সঙ্গে বিয়ে হয় মেরির। মেরি তার দুই সন্তান ও মাকে নিয়ে সোনাডাঙ্গা এলাকার সুজুকি গলির পাশে এস এম শরিফুল ইসলামের বাড়ি ভাড়া থাকতেন। এ ঘটনার পর থেকে মেরির দ্বিতীয় স্বামী রফিক পলাতক। বর্তমানে মেরিকে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। স্থানীয় বাসিন্দা আমজাদ বলেন, মেরি তার মা বেবি ও দুই সন্তানকে নিয়ে শরিফুল ইসলামের বাড়ি ভাড়া

থাকতেন। তার প্রথম স্বামী মাসুম এখানে থাকতেন না। তবে মাঝে মধ্যে দ্বিতীয় স্বামী রফিক আসতেন। ঈদের দিন রাতেও মেরির মা ও দুই সন্তানকে এলাকায় দেখা গেছে। ওসি রফিকুল ইসলাম বলেন, হত্যাকাণ্ডের কারণ উদঘাটনের চেষ্টা চলছে। ঘটনাস্থল থেকে আলামত সংগ্রহ ও হত্যাকারীদের চিহ্নিত করতে সিআইডির ক্রাইম সিনের টিম কাজ করছে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ রিহাব)

## মেট্রোরেল নিয়ে এআই-নির্মিত বিভ্রান্তিকর ছবি ছড়ানো হয়েছে

মেট্রোরেল ঘিরে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া বিভিন্ন ছবি ও তথ্যকে 'সম্পূর্ণ অসত্য' এবং 'বিভ্রান্তিকর' বলে দাবি করেছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক মো. শফিকুল ইসলাম খান। তিনি বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) দিয়ে তৈরি ছবি ব্যবহার করে সরকার ও ঢাকা উত্তর সিটি করপোরেশনের ভাবমূর্তি ক্ষুণ্ন করার চেষ্টা করা হচ্ছে। শনিবার (৩০ মে) কোরবানির বর্জ্য অপসারণ কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি জানাতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। ডিএনসিসি প্রশাসক বলেন, মেট্রোরেল নিয়ে অনেকে অনেক ধরনের কথা বলেছিল। আমি নিজে উপস্থিত থেকে সেখানে পরিষ্কার করেছি। বিভিন্নভাবে সরকার এবং ঢাকা উত্তর সিটি করপোরেশনের ভাবমূর্তি নষ্ট করার জন্য অনেকে এআই ছবি দিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে মেট্রোরেলের পাশে থাকা গ্রিল ভেঙে গেছে, মেট্রোরেলের যাত্রীরা যে লিফট ব্যবহার করেন সেটি অচল করে দেওয়া হয়েছে বলে যে, বিভ্রান্তিকর পোস্ট করা হয়েছে, সেগুলো সম্পূর্ণ অসত্য। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ রিহাব)

## কোরবানির ৫১ হাজার টন বর্জ্য অপসারণ করেছে ঢাকার দুই সিটি করপোরেশন

পবিত্র ঈদুল আজহার তৃতীয় দিন পর্যন্ত ৫১ হাজার টন বর্জ্য অপসারণ করেছে ঢাকার দুই সিটি করপোরেশন। এর মধ্যে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি) ৩২ হাজার ৬৬২ টন এবং ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) ১৮ হাজার ৩৪৪ টন বর্জ্য অপসারণ করেছে। ঈদের দিন বৃহস্পতিবার (২৮ মে) থেকে শনিবার (৩০ মে) সন্ধ্যা ৬টা পর্যন্ত সময়ের মধ্যে এই বর্জ্য অপসারণ করা হয়েছে। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন থেকে জানানো হয়েছে, ঈদের দিন (২৮ মে) রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত মোট ১৪ হাজার ৮১৪ টন কোরবানির বর্জ্য মাতুয়াইল ল্যান্ডফিলে চূড়ান্ত ডাম্পিং করা হয়। ঈদের পরের দিন (২৯ মে) রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত ৮ হাজার ৯৭৭ টন বর্জ্য মাতুয়াইল ল্যান্ডফিলে চূড়ান্ত ডাম্পিং করা হয়। আজ শনিবার সন্ধ্যা ৬টা পর্যন্ত ৮ হাজার ৮৭১ টন বর্জ্য ডাম্পিং করা হয়েছে। এতে ঈদের ৩ দিনে মোট ৩২ হাজার ৬৬২ টন বর্জ্য মাতুয়াইল ল্যান্ডফিলে চূড়ান্ত ডাম্পিং করেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ রিহাব)

## জামায়াতের এক এমপিই দিলেন ১৬ গরু কোরবানি, তুর্কি এনজিও থেকে আরও ৭৯

চাঁপাইনবাবগঞ্জে ৯৫টি গরু কোরবানি দিয়ে চার হাজার অসহায়, দুঃস্থ ও নিম্নআয়ের মানুষের মাঝে মাংস বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার (২৮ মে) ঈদের দিন সকাল থেকে শনিবার (৩০ মে) পর্যন্ত চাঁপাইনবাবগঞ্জের শাহ নেয়ামত উল্লাহ কলেজ মাঠ, শিবগঞ্জ উপজেলা ও নাচোল উপজেলায় এ কর্মসূচির আয়োজন করা হয়। আয়োজক সূত্রে জানা যায়, তুরস্কের একটি এনজিওর আর্থিক সহায়তায় চাঁপাইনবাবগঞ্জ সদর এলাকায় ৪৯টিসহ মোট ৬৫টি গরু কোরবানি করা হয়। বাকি ১৬টি গরু কোরবানি দিয়েছেন চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য নূরুল ইসলাম বুলবুল নিজে। শিবগঞ্জ ও নাচোল উপজেলায় ১৫টি করে আরও ৩০টি গরু কোরবানি করা হয়। পরে এসব গরুর মাংস প্যাকেটজাত করে প্রায় দুই হাজার অসহায় ও নিম্নআয়ের পরিবারের মাঝে বিতরণ করা হয়। সংশ্লিষ্টরা জানান, ঈদের আনন্দ থেকে কোনো পরিবার যেন বঞ্চিত না হয়, সেই লক্ষ্যেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। এমপি নূরুল ইসলাম বুলবুল বলেন, "'ঈদুল আজহার মূল শিক্ষা ত্যাগ ও মানবতার বার্তা ছড়িয়ে দেওয়া। সেই জায়গা থেকেই মানুষের কল্যাণে এ ধরনের উদ্যোগ। এটা অব্যাহত থাকবে।" এসময় উপস্থিত ছিলেন চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার সাবেক মেয়র নজরুল ইসলাম, জামায়াতে ইসলামীর চাঁপাইনবাবগঞ্জ জেলা আমির আবু জার গিফারী, তুরস্কের এনজিও প্রতিনিধি ব্রাদার লোকমানসহ স্থানীয় জামায়াতের বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীরা। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ রিহাব)

## নাফ নদীতে মাছ ধরতে যাওয়া জেলেদের লক্ষ্য করে গুলি

কক্সবাজারের টেকনাফের নাফ নদীতে মাছ ধরার সময় জেলেদের লক্ষ্য করে গুলিবর্ষণ করেছে একটি সশস্ত্র গ্রুপ। এতে বেড়িবাঁধে ঘুরতে যাওয়া লোকজনের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। শনিবার (৩০ মে) বিকেল আনুমানিক সাড়ে ৫টার দিকে টেকনাফের হ্নীলা সুইচগেট সংলগ্ন নাফ নদীতে এ ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করেছেন স্থানীয় বাসিন্দা মোহাম্মদ তারেক। মোহাম্মদ তারেকের ভাষ্যমতে, বিকেলের দিকে তারা কয়েকজন মিলে হ্নীলা স্লুইসগেট সংলগ্ন সীমান্তের বেড়িবাঁধে ঘুরছিলেন। সেখানে আরও অনেক লোকজন ছিল। এসময় দেখেন, মিয়ানমারের রাখাইন সীমান্তের দিক থেকে ইঞ্জিনচালিত নৌকায় করে সশস্ত্র একটি গ্রুপ নাফ নদীতে এসে মাছ ধরতে যাওয়া কয়েকজন জেলেকে ধাওয়া করছে। পরে জেলেরা নদী থেকে পালিয়ে এপারের হ্নীলা সীমান্তে চলে আসার সময় তাদের লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলিবর্ষণ করা হয়। তিনি আরও বলেন, এ ঘটনায় সীমান্তের বেড়িবাঁধে ঘুরতে যাওয়া লোকজনের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। পরে সশস্ত্র গ্রুপটি জেলেদের ফেলে রাখা নৌকা ও জাল নিয়ে আবার মিয়ানমার সীমান্তের ভেতরে চলে যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ রিহাব)

## কোরবানির বর্জ্য নয়, প্রধানমন্ত্রী যাওয়ার পথে পড়ে ছিল বাসাবাড়ির ময়লা

প্রধানমন্ত্রীর পরিদর্শনের সময় ঢাকার রাস্তায় পড়ে থাকা বর্জ্য কোরবানির নয়, বরং বাসাবাড়ি থেকে ফেলা গৃহস্থালি ময়লা ছিল বলে দাবি করেছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক মো. শফিকুল ইসলাম খান। ঈদুল আজহা উপলক্ষ্যে শনিবার (৩০ মে) কোরবানির বর্জ্য অপসারণ কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি জানাতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। গতকাল শুক্রবার প্রধানমন্ত্রী তারেক রহমান কাউকে না জানিয়ে প্রায় চার ঘণ্টা রাজধানীর বিভিন্ন এলাকা ঘুরে কোরবানির পশুর বর্জ্য অপসারণ কার্যক্রম সরেজমিনে পর্যবেক্ষণ করেন। এ সময় তিনি নিজেই গাড়ি চালিয়ে হাতিরপুল, ফার্মগেটসহ কয়েকটি এলাকায় যান এবং কিছু স্থানে বর্জ্য জমে থাকতে দেখে অসন্তোষ প্রকাশ করেন। পরে স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম জানান, প্রধানমন্ত্রীর নির্দেশে দায়িত্বে অবহেলার অভিযোগে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের দুই আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে। একইসঙ্গে তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ রিহাব)

## এসএসএফ সদস্যদের সঙ্গে বাগ্‌বিতণ্ডা, ছাত্রদল নেতা আব্দুর রহিমকে অব্যাহতি

প্রধানমন্ত্রীর নিরাপত্তায় নিয়োজিত স্পেশাল সিকিউরিটি ফোর্সের (এসএসএফ) সদস্যদের সঙ্গে বাগ্‌বিতণ্ডার ঘটনায় ঢাকা মহানগর দক্ষিণ ছাত্রদলের সাধারণ সম্পাদক আব্দুর রহিম ভুঁইয়াকে তার পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। শনিবার (৩০ মে) বিকেলে ছাত্রদলের দফতর সম্পাদক মো. জাহাঙ্গীর আলম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে কেন্দ্রীয় সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির অনুমোদন দেন। এর আগে, শনিবার সকালে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে বিএনপির কর্মসূচির অংশ হিসেবে রাজধানীর জিয়া উদ্যানে বাবার সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শ্রদ্ধা নিবেদন শেষে প্রধানমন্ত্রীর বহর জিয়া উদ্যান ত্যাগ করার সময় তার প্রটোকল ও নিরাপত্তা টিমের সদস্যদের সঙ্গে ছাত্রদল নেতা আব্দুর রহিম ভুঁইয়ার বাগ্‌বিতণ্ডার ঘটনা ঘটে। পরে এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে এবং ব্যাপক আলোচনার সৃষ্টি হয়। ভিডিওতে দেখা যায়, ছাত্রদলের ঢাকা মহানগর দক্ষিণের সাধারণ সম্পাদক আব্দুর রহিম ভুঁইয়াসহ কয়েকজন নেতাকর্মী প্রধানমন্ত্রীর নিরাপত্তা টিমের সদস্যদের উদ্দেশ্যে উত্তেজিত আচরণ করছেন। এ সময় তাদের মধ্যে কয়েকজনকে অশালীন ভাষা ব্যবহার করতেও শোনা যায়। এক পর্যায়ে কয়েকজন নেতা-কর্মী নিরাপত্তা টিমের গাড়ির দিকে তেড়ে গেলে সেখানে উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ রিহাব)

## এ দেশে মিথ্যাকে প্রতিষ্ঠিত করা খুবই সহজ : হাসনাত আবদুল্লাহ

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া ও দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ কুমিল্লা জেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে মোট ২৫ কোটি টাকা নিয়েছেন বলে অভিযোগ করেছেন পরিষদের প্রশাসক মো. মোস্তাক মিয়া। এ বিষয়ে শনিবার (৩০ মে) রাতে এক প্রতিক্রিয়ায় সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহ দাবি করেছেন, একজন দায়িত্বশীল ব্যক্তি রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্য দিয়েছেন এবং এ দেশে মিথ্যাকে প্রতিষ্ঠিত করা খুবই সহজ। সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে নিজের ভেরিফায়েড আইডিতে দেওয়া এক পোস্টে তিনি বলেন, "কুমিল্লার প্রশাসক বিএনপির একটি দলীয় অনুষ্ঠানে গিয়ে বললেন, হাসনাত-আসিফ জেলা পরিষদের নিজস্ব রাজস্ব খাত থেকে ২৫ কোটি টাকা নিয়ে গেছে। এর মধ্যে আমি নাকি ১০ কোটি টাকা নিয়েছি। বক্তব্যটি শুনলে মনে হবে, টাকাটা আমরা নিজেরা পকেটস্থ করেছি।"

মোস্তাক মিয়ার বক্তব্যে অন্তত দুটি অসত্য তথ্য রয়েছে জানিয়ে হাসনাত আবদুল্লাহ বলেন, "প্রথমত, এই বরাদ্দ জেলা পরিষদের রাজস্ব খাত থেকে দেওয়া হয়নি। অন্যান্য উপজেলার মতো দেবিদ্বারেও বরাদ্দ দেওয়া হয়েছে স্থানীয় সরকার বিভাগের এডিপি প্রকল্পের মাধ্যমে, যা জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়িত হয়েছে। দেবিদ্বারের জন্য বরাদ্দ ছিল পাঁচ কোটি টাকা। জেলা পরিষদের রাজস্ব খাতের সঙ্গে এর কোনো সম্পৃক্ততাই নেই। সুতরাং এটিকে রাজস্ব খাতের অর্থ বলে দাবি করা স্পষ্ট মিথ্যাচার।" "দ্বিতীয়ত, তিনি বলেছেন, টাকা আমরা নিয়েছি। অথচ এই অর্থ মোট ৪২টি প্রকল্পে ব্যয় করা হয়েছে। ব্যক্তি হিসেবে আমাদের সঙ্গে এই অর্থের কোনো সম্পর্কই নেই। জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের মাধ্যমে বিভিন্ন খাতে এই অর্থ ব্যয় করা হয়েছে," যোগ করেন তিনি। এনসিপির এ নেতা উল্লেখ করেন, বিষয়টি নিয়ে প্রশাসক মোস্তাক মিয়াকে ফোন করে জানতে চাইলে তিনি জানান, অর্থ উন্নয়ন কাজের জন্য বরাদ্দ দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, হয়ত সাংবাদিক তার বক্তব্য পুরোপুরি প্রকাশ করেননি। এ প্রসঙ্গে দু-জনের কথোপকথনের অডিও রেকর্ড ও অর্থের খাতভিত্তিক ব্যয়ের বিবরণ পোস্ট ও কমেন্টে সংযুক্ত করে দেন হাসনাত আবদুল্লাহ। তিনি বলেন, "রাজস্ব বরাদ্দ ও এডিপি বরাদ্দের পার্থক্য না বুঝে একজন দায়িত্বশীল ব্যক্তি রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্য দিলেন। আর এ দেশে মিথ্যাকে প্রতিষ্ঠিত করা খুবই সহজ।" এই সংসদ সদস্য জানান, জেলা পরিষদ থেকে উপজেলার জন্য বরাদ্দ দেওয়া কোনো অস্বাভাবিক বিষয় নয়। প্রতি বছরই বাজেটের আওতায় এ ধরনের

বরাদ্দ দেওয়া হয়। দেবিদ্বার উপজেলার জন্য দেওয়া বরাদ্দও উপজেলা প্রশাসনের মাধ্যমে ব্যয় হয়েছে। সেই ব্যয়ের প্রতিটি টাকার হিসাব সরকারি নথিতে সংরক্ষিত রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ : ৩১.০৫.২০২৬ নারগীস)

## রাজস্ব তহবিল থেকে টাকা নেওয়ার বিষয়ে যে ব্যাখ্যা দিলেন আসিফ মাহমুদ

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া ও দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ কুমিল্লা জেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে মোট ২৫ কোটি টাকা নিয়েছেন বলে অভিযোগ করেছেন পরিষদের প্রশাসক মো. মোস্তাক মিয়া। এ বিষয়ে শনিবার (৩০ মে) রাতে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে নিজের ভেরিফায়েড পেজে লাইভে এসে ব্যাখ্যা দিয়েছেন অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা আসিফ মাহমুদ। এতে শিরোনাম হিসেবে তিনি যুক্ত করেন- ৯ লাখ ৩০ হাজার কোটি টাকা নিয়ে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান! আসিফ মাহমুদ বলেন, "একটা বিষয় হয়ত আপনারা সবাই শিরোনামে দেখছেন যে, ২৫ কোটি টাকা নিয়ে গেছেন আসিফ মাহমুদ এবং হাসনাত আবদুল্লাহ। এর মধ্যে ১৫ কোটি নিয়ে গেছেন আসিফ মাহমুদ আর ১০ কোটি নিয়ে গেছেন হাসনাত আবদুল্লাহ। তো শিরোনাম দেখে আবার সবাই একটু প্যারা খেতে পারেন। যেমন- ৯ লাখ ৩০ হাজার কোটি টাকা নিয়ে যাচ্ছেন তারেক রহমান। এটা অনেকটা এ রকমই, আগামী দিনে আমরা শুনছি যে, বাজেট ধরা হবে বা প্রস্তাবিত বাজেটটা আসবে ৯ লাখ ৩০ হাজার কোটি টাকার। এটা তো সরকার বরাদ্দ করছে যে, এক বছরে এই বাজেট তারা নির্দিষ্ট কিছু খাতে খরচ করবে। সেটা যদি এখন আমি বলি যে, ৯ লাখ ৩০ হাজার কোটি টাকা নিয়ে যাচ্ছেন তারেক রহমান, এমনভাবে বলা যে, তার মানে পকেটে করে নিয়ে যাচ্ছেন, তাহলে এটা যেমন হাস্যকর এবং মানহানিকর শোনাবে, ঠিক একই রকম একটা স্টেটমেন্ট আজকে কুমিল্লা জেলা পরিষদের প্রশাসকের পক্ষ থেকে এসেছে।"

এনসিপির মুখপাত্র জানান, স্থানীয় সরকার বিভাগ এবং সমবায় মন্ত্রণালয়ের বাজেট গত অর্থবছরে ছিল মোট ৪২ থেকে ৪৩ হাজার কোটি টাকার মতো এবং আগের অর্থবছরে ছিল প্রায় ৪৫ হাজার কোটি টাকার মতো। এই অর্থের মধ্যে একটা অংশ স্থানীয় সরকার বিভাগের বিশেষ বরাদ্দ। এটা যে-কোনো স্থানীয় সরকার বিভাগের মন্ত্রী, সচিব বা প্রতিমন্ত্রী দিতে পারেন। প্রয়োজনে যদি তিনি অনুভব করেন যে, এখানে এটার প্রয়োজন আছে বা কোনো প্রজেক্টের জন্য, তবে সেটা বরাদ্দ দিতে পারেন। এর বাইরে তো সাধারণ বরাদ্দ আছেই। সাধারণ বরাদ্দটা সাধারণত অনুপাত অনুযায়ী ঠিক হয়ে থাকে। যেমন- কুমিল্লা একটা জেলা, ফেনী একটা জেলা। কিন্তু কুমিল্লা জেলাতে উপজেলার পরিমাণ ফেনীর থেকে অনেক বেশি। তো কয়টা উপজেলা আছে, জনসংখ্যা কত, ভোটার সংখ্যা কত- সেটা বিবেচনায় নিয়ে অনুপাত অনুযায়ী সাধারণ বরাদ্দটা বিভক্ত করা হয়।

আসিফ মাহমুদ বলেন, এই বরাদ্দটা পাঁচটা খাতে যায়- জেলা পরিষদ, পৌরসভা, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ ও সিটি করপোরেশন। এটা প্রতিবছর নির্দিষ্ট বরাদ্দ থাকে, যা চার কিস্তিতে অবমুক্ত করা হয়। জেলা পরিষদের যিনি প্রশাসক থাকেন, অন্তর্বর্তী সরকারের সময় ডিসিরা ছিলেন পদাধিকার বলে, এখন প্রশাসক বিএনপি নেতাদের নিয়োগ দিয়েছে, তার সভাপতিত্বে একটা কমিটি আসলে নির্ধারণ করে যে, খরচটা কীভাবে করা হবে। তারা সেটা বসে নির্ধারণ করেন এবং চূড়ান্ত প্রশাসনিক অনুমোদনের জন্য আবার মন্ত্রণালয়ে পাঠান। এনসিপির এ নেতা বলেন, "কুমিল্লার প্রশাসক প্রথমত একেবারেই কাঁচা একটা মিথ্যা কথা বলেছেন। সেটি হচ্ছে রাজস্ব খাত। রাজস্ব খাত থেকে কারও এলাকায় কোনো ধরনের বরাদ্দ নিয়ে যাওয়ার কারও কোনো সুযোগ নেই। রাজস্ব খাতের বাজেট বছরের শুরুতেই জেলা পরিষদ ঠিক করে যে, তারা কোথায় কতটুকু খরচ করবে। এটা মূলত এডিপির বিশেষ বরাদ্দ। তো উনি এটাকে রাজস্ব খাতের সঙ্গে গুলিয়ে ফেলেছেন।" "এই বিশেষ বরাদ্দটা সাধারণত ১০০ থেকে ১২৫ কোটি টাকার মতো হয়। এই বরাদ্দ দেওয়ার এখতিয়ারটা মন্ত্রী বা উপদেষ্টার হাতে থাকে। আমি যখন দায়িত্বে ছিলাম, স্বাভাবিকভাবেই আমি সারা দেশে এটা দিয়েছি। এটার চর্চা হচ্ছে অনুরোধ বা আবেদনের ভিত্তিতে। আপনারা অনেকেই অনেক আবেদন করেন যে, আমাদের গ্রামের এই রাস্তাটা করা খুব প্রয়োজন। সেই আবেদনগুলো উপজেলা বা ইউনিয়ন পরিষদের মাধ্যমে মন্ত্রণালয়ে আসে। মন্ত্রণালয় এগুলো আর্কাইভ করে এবং উপদেষ্টা বা মন্ত্রী সেই আর্কাইভ থেকে বরাদ্দের সিদ্ধান্ত নেন। বরাদ্দ দেওয়া মানেই শেষ না। বরাদ্দ দেওয়ার পরও ওই জেলার প্রশাসক বা চেয়ারম্যানের নেতৃত্বে একটি কমিটি বসে ঠিক করে যে, এই টাকাটা কোন কোন খাতে খরচ করা হবে " যোগ করেন আসিফ মাহমুদ।

উদাহরণ হিসেবে তিনি বলেন, 'আমি ফেব্রুয়ারি, ২০২৫ সালের কুমিল্লা জেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী দেখাতে পারি। সেখানে উপস্থিতির তালিকা, আলোচ্য সূচি ও চলমান উন্নয়ন প্রকল্প নিয়ে আলোচনার বিস্তারিত আছে। সেখানে বিশেষ বরাদ্দের টাকা কোথায় খরচ হবে, তা নিয়ে সিদ্ধান্ত হয়েছে। যেমন- সোলার লাইট স্থাপনের জন্য ১ কোটি ১৪ লাখ টাকা, কর্মহীন অসহায় ব্যক্তিদের কর্মসংস্থানের লক্ষ্যে ৬২ লাখ টাকা এবং ১০৪টি বিদ্যালয় ও ১৪টি কলেজের আসবাবপত্রের জন্য ২৩ লাখ টাকা বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত তারা নিয়েছেন। সিটি করপোরেশনের বিভিন্ন মসজিদে বরাদ্দের সিদ্ধান্তও ওখানেই হয়েছে। যেমন- মদিনা মসজিদ, ৮ নম্বর ওয়ার্ডে ৫ লাখ টাকা। এই সব টাকা ই-টেন্ডারিং প্রক্রিয়ার মাধ্যমে এবং পিপিআর অনুযায়ী ব্যয় করতে হবে। এই টাকা আপনি কাউকে ক্যাশ হাতে দিতে পারবেন না। একইভাবে জুন, ২০২৫ সালের সভায় দাউদকান্দি, নাঙ্গলকোট, চৌদ্দগ্রামসহ বিভিন্ন উপজেলায় মসজিদ সংস্কার ও অন্যান্য প্রকল্পের জন্য বরাদ্দ দেওয়া হয়েছে।" এনসিপির এ নেতা বলেন, "বাজেট বরাদ্দ দেওয়াকে যদি নিয়ে যাওয়া বলা হয়, তবে এটা খুবই ইন্টারেস্টিং। বিএনপির একজন প্রশাসক আসলে নিয়ে যাওয়া এবং বরাদ্দ

দেওয়ার মধ্যে পার্থক্য বোঝেন না। এসএসসি পাশ কাউকেও যদি এই দায়িত্ব দেওয়া হয়, তিনিও বুঝবেন রাজস্ব খাত আর বিশেষ বরাদ্দ খাতের পার্থক্য কী। এই খরচের প্রক্রিয়ার সঙ্গে উপদেষ্টা হিসেবে আমার বা হাসনাত আবদুল্লাহর সংশ্লিষ্টতার কোনো সুযোগ নেই। এটা জেলা পরিষদ ডিসির সভাপতিত্বে সভায় সিদ্ধান্ত নিয়েছে এবং ই-টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে।" আসিফ মাহমুদ বলেন, "এটা এক ধরনের হ্যারাসমেন্ট এবং মানহানি। আমি আশা করবো, কুমিল্লা জেলা পরিষদের প্রশাসক তার বক্তব্য পরিষ্কার করবেন। অন্যথায় আইনি ব্যবস্থার দিকে যেতে হবে। বাংলাদেশের নাগরিকদের প্রতি আমার আহ্বান থাকবে, আপনারা সচেতন। এ ধরনের কিছু ছড়ানোর আগে দয়া করে ক্রস চেক করবেন। আমাদের পক্ষ থেকে সর্বোচ্চ স্বচ্ছতা রাখার চেষ্টা থাকবে। অনেকে বিভ্রান্ত হচ্ছেন দেখে এই ব্যাখ্যা দেওয়াটা জরুরি মনে করলাম। আপনারা চাইলে আমাদের সঙ্গে বসতে পারেন আরও স্পষ্টতার জন্য, যেমন আমেরিকাতে নতুন প্রশাসন আগের প্রশাসনের সঙ্গে বসে। জাস্ট উল্টাপাল্টা বক্তব্য না দিয়ে আপনারা আমাদের ডাকতে পারতেন।"(জাগো নিউজ ওয়েব পেজ : ৩১.০৫.২০২৬ নারগীস)

## রেডিও টুডে

### ঢাকা সিটির আরও ৬ জনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার নির্দেশ প্রধানমন্ত্রীর

বর্জ্য ব্যবস্থাপনায় গাফিলতির দায়ে ঢাকার দুই সিটি করপোরেশনের দুই কর্মকর্তাকে দায়িত্ব থেকে অব্যাহতি দিয়ে তাদের চাকরি জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে। পাশাপাশি আরও ছয় কর্মকর্তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শুক্রবার বিকেলে প্রধানমন্ত্রী নিজে রাজধানীর বিভিন্ন এলাকা পরিদর্শনে বের হয়ে বর্জ্য ব্যবস্থাপনার সার্বিক চিত্র পর্যবেক্ষণ করেন। এ সময় বিভিন্ন স্থানে বর্জ্য অপসারণের অবস্থা সন্তোষজনক না হওয়ায় তিনি অসন্তোষ প্রকাশ করেন। এ সময় তিনি বর্জ্য অপসারণের চিত্র সন্তোষজনক মনে না হওয়ায় ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের দুই আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাকে দায়িত্ব থেকে অব্যাহতি দিয়ে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। প্রধানমন্ত্রীর সঙ্গে থাকা মীর শাহে আলম গণমাধ্যমকে জানান, রাজধানীর উন্নয়ন প্রকল্প ও কোরবানির পশুর বর্জ্য ব্যবস্থাপনা পরিদর্শনের সময় হাতিরপুল, এলিফ্যান্ট রোড, গ্রিন রোড, ফার্মগেট ও কারওয়ান বাজার এলাকায় সড়কে ময়লা-আবর্জনা জমে থাকতে দেখা যায়। এর প্রেক্ষিতে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের দুই আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাকে সাময়িকভাবে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়ার নির্দেশ দেওয়া হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ আসাদ)

### শহিদ জিয়ার বিখ্যাত বেতার ভাষণ জনগণকে উদ্দীপ্ত করেছিল : ভারতীয় হাইকমিশন

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীরউত্তম-এর ৪৫তম শাহাদাতবার্ষিকী আজ। দিনটিতে তার স্মরণে একটি বিবৃতি দিয়েছে ঢাকাস্থ ভারতীয় হাইকমিশন। শনিবার (৩০ মে) নিজেদের ভেরিফায়েড ফেসবুক পেজে হাইকমিশন থেকে এ বিবৃতি দেওয়া হয়। বিবৃতিতে বলা হয়, আজ বাংলাদেশের জনগণ যখন জাতির অন্যতম শ্রেষ্ঠ সন্তান শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান, বীরউত্তম-এর স্মরণে সমবেত হয়েছে, তখন আমরা ১৯৭১ সালের মার্চ মাসে তার কণ্ঠে ধ্বনিত সেই বিখ্যাত বেতার ভাষণের কথা স্মরণ করছি, যা জনগণকে উদ্দীপ্ত করেছিল। নিপীড়নের বিরুদ্ধে প্রতিরোধের পথে তাদের অনুপ্রাণিত করেছিল এবং জাতীয় মুক্তির দিকে এগিয়ে নিয়ে গিয়েছিল। বিবৃতিতে আরও উল্লেখ করা হয়, আজও তখনকার মতোই, ভারত বাংলাদেশের জনগণের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে অভিন্ন আত্মত্যাগের এক গৌরবগাথা এবং উভয় দেশের জনগণের অগ্রগতি ও সমৃদ্ধির অভিন্ন যাত্রায় পাশে রয়েছে।

(রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৫.২০২৬; আসাদ)

### ঢাকায় পৌঁছেছে হজের প্রথম ফিরতি ফ্লাইট

পবিত্র হজ পালন শেষে ৪১৯ হজযাত্রী নিয়ে দেশে পৌঁছেছে হজের প্রথম ফিরতি ফ্লাইট। আজ শনিবার সকাল সাড়ে ১০টার দিকে ফ্লাইটটি ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সৌদি আরবের স্থানীয় সময় রাত ১২টা ১০ মিনিটে জেদ্দার কিং আবদুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দর থেকে উড়াল দেয় প্রথম ফিরতি ফ্লাইট। সৌদিয়া এয়ারলাইন্সের এসভি-৫৮০৬ ফ্লাইটের মাধ্যমে শুরু হয় হাজীদের দেশে ফেরার এই যাত্রা। প্রথমদিনে ১৩টি ফ্লাইটে দেশে ফিরবেন ৫ হাজার ৪৩৪ জন হাজী। তাদের স্বাগত জানাতে উপস্থিত থাকবেন বিমানবন্দর ও ধর্ম মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা। অবতরণের পরেই প্রত্যেক হজযাত্রীকে দেওয়া হবে ৫ লিটার করে জমজমের পানি। উল্লেখ্য, গত ১৭ এপ্রিল রাতে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এ বছরের হজ ফ্লাইটের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। আর বাংলাদেশ থেকে হজযাত্রী নিয়ে শেষ ফ্লাইটটি সৌদি আরবে পৌঁছে গত ২১ মে। (রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৫.২০২৬; আসাদ)

### শাহজালালের নতুন এটিসি টাওয়ার : তিন মাসে আয় প্রায় ২০০ কোটি

শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নতুন এয়ার ট্রাফিক কন্ট্রোল এটিসি টাওয়ার চালুর পর ফ্লাইং ওভার চার্জ আদায়ে উল্লেখযোগ্য সাফল্য এসেছে। চলতি বছরের জানুয়ারি থেকে মার্চ- এই তিন মাসে এ খাতে আয় হয়েছে ১৯৯ কোটি ২৮ লাখ ৭৩ হাজার ৮১০ টাকা, যা গত দুই বছরের মধ্যে সর্বোচ্চ। তুলনামূলক চিত্রে দেখা যায়, ২০২৪ সালের একই সময়ে আয় ছিল ১৫৭ কোটি ১৫ লাখ টাকা এবং ২০২৫ সালে তা বেড়ে দাঁড়ায় ১৮৪ কোটি ৫৩ লাখ টাকায়।

অর্থাৎ দুই বছরের ব্যবধানে প্রায় ৪২ কোটি টাকা বেশি আদায় হয়েছে। ২০২৫ সালের ডিসেম্বরে আধুনিক রাডার সিস্টেমসহ নতুন এটিসি টাওয়ারের নির্মাণকাজ সম্পন্ন হয়। গত ২০ এপ্রিল বিমান ও পর্যটন মন্ত্রী আফরোজা খানম আনুষ্ঠানিকভাবে এটি উদ্বোধন করেন। নতুন ব্যবস্থায় এস-ব্যান্ড প্রাইমারি রাডার ৮০ নটিক্যাল মাইল এবং মোড-এস সেকেন্ডারি রাডার ২০০ নটিক্যাল মাইল পর্যন্ত আকাশসীমা পর্যবেক্ষণ করতে সক্ষম।

(রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৫.২০২৬; আসাদ)

## ডেঙ্গু প্রতিরোধে ৪৮ ঘণ্টা সময় দিলেন প্রধানমন্ত্রী

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন এলাকায় আগামী ৪৮ ঘণ্টার মধ্যে ময়লা-আবর্জনা পরিষ্কার, পানি নিষ্কাশনের স্থান পরিষ্কার ও ডেঙ্গু প্রতিরোধে ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সংস্থা দুটির প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা ও প্রধান স্বাস্থ্য কর্মকর্তাকে এ নির্দেশ দিয়েছেন বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। এতে ব্যর্থ হলে তাদের প্রত্যাহার ও শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান তিনি। এর আগে, আজ ঈদের দ্বিতীয় দিনে রাজধানীতে কোরবানির বর্জ্য অপসারণ কার্যক্রম যথাযথভাবে চলছে কি না, তা সরেজমিনে দেখতে মাঠে নামেন প্রধানমন্ত্রী। বিকেল ৪টার দিকে প্রধানমন্ত্রী নিজেই গাড়ি চালিয়ে রাজধানীর বিভিন্ন এলাকা পরিদর্শন করেন। প্রেস উইং জানায়, নগরীর বিভিন্ন স্থানে কোরবানির বর্জ্য অপসারণ কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে কি না, তা যাচাই করতেই তিনি এ পরিদর্শনে বের হন। প্রধানমন্ত্রীর সফরসূচি অনুযায়ী, তার গাড়ি গুলশান অ্যাভিনিউয়ের বাসভবন থেকে যাত্রা শুরু করে গুলশান-১, হাতিরঝিল, রামপুরা রোড ও মালিবাগের আবুল হোটেল হয়ে তালতলা মার্কেট ও বাসাবো সড়ক এলাকা প্রদক্ষিণ করে। নগরীর বিভিন্ন স্থানে কোরবানির বর্জ্য অপসারণ কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে কি না, তা যাচাই করতেই তিনি এ পরিদর্শনে বের হন। পরে তিনি কমলাপুর স্টেডিয়াম, সায়েদাবাদ বাসস্ট্যান্ড, যাত্রাবাড়ী মোড়, ধোলাইখাল, শহিদ ফারুক সড়ক ও দয়াগঞ্জ হয়ে নারিন্দা এবং রায়সাহেব বাজার এলাকায় যান। এরপর আদালত সড়ক, নওয়াবপুর, বংশাল রোড, গুলিস্তান, শাহবাগ, এলিফ্যান্ট রোড, ঢাকা বিশ্ববিদ্যালয় ও নিউ মার্কেট এলাকা ঘুরে দেখেন। সেখান থেকে সায়েন্স ল্যাবরেটরি, কলাবাগান, মিরপুর রোড, সিটি কলেজ, সীমান্ত স্কয়ার, জিগাতলা বাসস্ট্যান্ড ও মানিক মিয়া অ্যাভিনিউ হয়ে মহাখালী পর্যন্ত পরিদর্শন কার্যক্রম চালান তিনি। এ সময় প্রধানমন্ত্রীর সঙ্গে ছিলেন তার দুই উপদেষ্টা নজরুল ইসলাম খান ও রুহুল কবীর রিজভী, ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হকসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।

(রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৫.২০২৬; আসাদ)

## আদ-দ্বীন হাসপাতালে বিস্কুটের ফ্যাক্টরির সন্ধান, স্বাস্থ্যমন্ত্রীর ক্ষোভ

রাজধানীর মগবাজারের আদ-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতালের নিচতলায় বিস্কুটের ফ্যাক্টরির সন্ধান পাওয়া গেছে। এর আগে, গত বুধবার ভোরে এই হাসপাতালে ৬ নবজাতকের মৃত্যু হয়। শনিবার স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন হাসপাতাল পরিদর্শনে গেলে এ দৃশ্য ধরা পড়ে। এ সময় মন্ত্রী বিস্কুটের ফ্যাক্টরি দেখে ক্ষোভ প্রকাশ করে জানান, বিষয়টি শক্তভাবে দেখা হবে। এ সময় স্বাস্থ্যমন্ত্রী বলেন, আমরা তো দেখলাম, এখানে বেকারি আছে। ইলেক্ট্রিক ওভেন চলছে। কথা বলার মতো ইঞ্জিনিয়ার কাউকে পেলাম না। একজন মেকানিক্যাল অ্যাসিসটেন্ট পেয়েছি। এ বিষয়ে পরে কথা বলব। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক প্রভাত চন্দ্র বিশ্বাস বলেন, আদ-দ্বীন মেডিকেল কলেজ ও হাসপাতালের মতো প্রতিষ্ঠানে এটি অন্তত দুঃখজনক ঘটনা। আমরা এখানে এসে জানতে পারি, এখানে একটি বেকারি আছে। এখানে কথা বলার মতো কাউকে পেলাম না। এর আগে, ৬ নবজাতকের মৃত্যুর কারণ অনুসন্ধানে তদন্ত কমিটির প্রতিবেদন আজ জমা দেওয়া হচ্ছে না বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী। তিনি বলেন, আগামী ৩ জুন পূর্ণাঙ্গ প্রতিবেদন দেওয়া হবে। স্বাস্থ্যমন্ত্রী বলেন, আজকে প্রতিবেদন দিতে পারছি না। আরও তিনদিন সময় দিয়েছি কমিটিকে, ৩ জুন দেওয়া হবে প্রতিবেদন। কারণ, সেখানে অবস্থানরত সন্তান হারা মায়েদের বক্তব্য নেওয়া যায়নি, তাই আজ দেওয়া হচ্ছে না। তাদের বক্তব্য নিয়ে পূর্ণাঙ্গ প্রতিবেদন দেওয়া হবে।

(রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ আসাদ)

## উত্ত্যক্ত করায় এনসিপি নেতাকে জুতাপেটা, দল থেকে অব্যাহতি

বগুড়ায় নারী প্রশিক্ষণার্থীদের উত্ত্যক্ত করার অভিযোগে এক নারী প্রশিক্ষণার্থীর হাতে জুতাপেটার শিকার হয়েছেন জাতীয় নাগরিক পার্টির এক নেতা। ঘটনাটি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর দলীয়ভাবে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। অভিযুক্ত আলী আজম সাব্বিরকে দলের সব দায়িত্ব ও কার্যক্রম থেকে অব্যাহতি দিয়েছে এনসিপি। একইসঙ্গে অভিযোগের বিষয়ে ব্যাখ্যা দিতে তাকে তিনদিনের সময় দিয়ে কারণ দর্শানোর নোটিশও দেওয়া হয়েছে। শুক্রবার রাতে এনসিপি বগুড়া জেলা শাখার সাংগঠনিক সম্পাদক শওকত ইমরানের স্বাক্ষরিত এক চিঠিতে এ সিদ্ধান্ত জানানো হয়। দলীয় সূত্রে জানা গেছে, আলী আজম সাব্বির এনসিপির শিবগঞ্জ উপজেলা সমন্বয় টিমের সমন্বয়কারী সদস্য হিসেবে দায়িত্ব পালন করছিলেন। এর আগে, সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হওয়া একটি ভিডিওতে দেখা যায়, এক নারী সাব্বিরকে জুতা দিয়ে আঘাত করছেন। ভিডিওটি ছড়িয়ে পড়ার পর স্থানীয়ভাবে ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়। জানা যায়, আলী আজম সাব্বির বগুড়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ড্রাইভিং প্রশিক্ষণ কোর্সের একজন প্রশিক্ষণার্থী। তার বিরুদ্ধে কয়েকজন নারী প্রশিক্ষণার্থীর সঙ্গে অশালীন আচরণ, মোবাইল ফোনে

আপত্তিকর বার্তা পাঠানো এবং অশ্লীল ভাষায় কথা বলার অভিযোগ ওঠে। অভিযোগের পরিপ্রেক্ষিতে গত ২৪ মে কয়েকজন নারী প্রশিক্ষণার্থী তাকে টিটিসির একটি কক্ষে আটকে রাখেন। পরে এক নারী প্রশিক্ষণার্থী তাকে জুতা দিয়ে মারেন। এ সময় তিনি নিজের আচরণের জন্য ক্ষমা চান বলে জানা গেছে। বগুড়া টিটিসির প্রশাসনিক কর্মকর্তা ও জ্যেষ্ঠ প্রশিক্ষক রাশেদুল হাসান শাহীন জানান, ঘটনাটি অত্যন্ত গুরুতর। অভিযুক্তের কাছ থেকে লিখিত অঙ্গীকারনামা নেওয়া হয়েছে এবং তিনি নিজের দোষ স্বীকার করেছেন। আগামী ১ জুন প্রতিষ্ঠান খোলার পর অ্যাকাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী, তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। তিনি আরও জানান, বিষয়টি ইতোমধ্যে সংশ্লিষ্ট প্রশাসন, পুলিশ ও স্থানীয় কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ আসাদ)

## ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে যাত্রীবাহী বাস খাদে

ঢাকা-টাঙ্গাইল-যমুনা সেতু মহাসড়কে একটি যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে খাদে পড়ে অন্তত ১৫ জন আরোহী আহত হয়েছে। শনিবার সকাল ১০টার দিকে টাঙ্গাইলের কালিহাতী উপজেলার ধলাটেঙ্গুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। পুলিশ ও ফায়ার সার্ভিস সূত্রে জানা যায়, ঢাকা থেকে ছেড়ে আসা হানিফ পরিবহণের একটি যাত্রীবাহী বাস উত্তরবঙ্গের উদ্দেশ্যে যাচ্ছিল। পথে কালিহাতী উপজেলার ধলাটেঙ্গর এলাকায় পৌঁছালে বাসটির চালক নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন। এক পর্যায়ে বাসটি মহাসড়কের পাশের খাদে পড়ে যায়। এতে বাসে থাকা অন্তত ১৫ জন যাত্রী আহত হন। খবর পেয়ে ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযান চালান। পরে আহতদের উদ্ধার করে টাঙ্গাইল জেনারেল হাসপাতালে পাঠানো হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ আসাদ)

## দেশ কারও একার না, তাই গড়ার দায়িত্বও সবার : প্রধানমন্ত্রী

সবাই মিলে দেশ গড়ার দায়িত্ব নিতে হবে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, দেশ কারও একার না। দেশ যেমন কোনো সরকারের একার না, যেমন কোনো রাজনৈতিক দলের একার না, কোনো পরিবার বা কোনো ব্যক্তির একার না। দেশটি হচ্ছে লাখো-কোটি মানুষের, প্রত্যেকের। তাই এই দেশকে গড়ে তুলতে আমাদের প্রত্যেককে সচেতন হতে হবে। শনিবার বিকেলে রাজধানীর জুরাইনে ঢাকা মহানগর দক্ষিণ বিএনপি আয়োজিত শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে খাদ্য ও বস্ত্র বিতরণ অনুষ্ঠানে এসব কথা বলেন। এলাকার মানুষকে উদ্দেশ্য করে প্রধানমন্ত্রী বলেন, আপনি যদি এই এলাকার মানুষ হয়ে থাকেন, আপনি চেষ্টা করবেন আবর্জনা যেখানে-সেখানে না ফেলার জন্য। আবর্জনা সঠিকভাবে ফেলার জন্য। কারণ আজকে যদি মনে করেন, আপনি যে আবর্জনাটা এখানে ফেলেন, এইটুকু আবর্জনা, এক কেজি, আধা কেজি আবর্জনা বা দুই কেজি আবর্জনা- কী হবে? কিন্তু আপনি চিন্তা করেন, এখানে যতগুলো মানুষ, এখানে কয়েক হাজার মানুষ আমরা জড়ো হয়েছি। প্রত্যেকে যদি ১ কেজি করে ময়লা একটা জায়গায় ফেলে, তাহলে কত কেজি ময়লা হবে? না হলে ১০ হাজার কেজি ময়লা হয়ে যাবে। মানে ১০ টন ময়লা। তিনি বলেন, তাহলে পরিচ্ছন্নতা কর্মী তারাও তো মানুষ। তারা হয়ত গরিব মানুষ। তাদেরও পরিষ্কার করতে কষ্ট হয়। কিন্তু আমরা সবাই মিলে যদি চেষ্টা করি, তাহলে আপনি নিজের শহরকে যেমন পরিষ্কার রাখতে পারবেন, সেই পরিচ্ছন্নতা কর্মীও অল্পতেই জায়গাটাকে পরিষ্কার করে ফেলতে পারবে। ঠিক একইভাবে তারও কষ্ট কম হবে। আপনার সন্তানরা, আপনি নিজে, আপনার বাবা-মা, পরিবারের সদস্যরাও একটি পরিষ্কার ও সুন্দর পরিবেশের মধ্যে থাকতে পারবেন। বিএনপির চেয়ারম্যান বলেন, কমবেশি সবাই তো এই ঢাকা শহরেই বাস করেন। এই এলাকায় বাস করেন, তাই না? এখন চিন্তা করেন, এলাকা যদি পরিষ্কার থাকে, তাহলে তো আপনার নিজের কাছেই ভালো লাগবে। ভালো লাগবে না? টিভির পর্দায় যখন অন্যান্য দেশের ছবি দেখেন, সুন্দর রাস্তাঘাট দেখেন, পরিষ্কার রাস্তাঘাট দেখেন, তখন একটু হিংসা হয় না মনের মধ্যে? যে, আমাদের রাস্তাঘাট কেন এত ময়লা হয়? আমার তো হয় ভাই। আমার কিন্তু হিংসা হয় যে, ওই দেশের রাস্তাঘাট এত পরিষ্কার।
(রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ আসাদ)

## রাজস্ব তহবিল থেকে আসিফ ১৫ ও হাসনাত ১০ কোটি টাকা নিয়েছেন

অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা থাকার সময়ে এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া কুমিল্লা জেলা পরিষদ থেকে নিয়েছেন ১৫ কোটি টাকা। অপরদিকে এনসিপি নেতা বর্তমান এমপি হাসনাত আবদুল্লাহ ১০ কোটি টাকা নিয়েছেন। এই দাবি করেছেন পরিষদের বর্তমান প্রশাসক মো. মোস্তাক মিয়া। এরই মধ্যে বিষয়টি নিয়ে তোলপাড় সৃষ্টি হয়েছে। আজ শনিবার দুপুরে কুমিল্লা শিল্পকলা একাডেমিতে বিএনপির প্রতিষ্ঠাতা শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে এই দাবি করেন তিনি। কুমিল্লা দক্ষিণ জেলা ও মহানগর বিএনপি এই কর্মসূচির আয়োজন করে। মোস্তাক মিয়া বিএনপির কুমিল্লা বিভাগীয় সহ-সাংগঠনিকের পদে রয়েছেন। আজকের আলোচনা সভায় তিনি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বক্তব্যে মোস্তাক মিয়া বলেন, “আমার জেলা পরিষদ থেকে মুরাদনগরের আসিফ মাহমুদ ১৫ কোটি টাকা নিয়ে গেছেন। তিনি আমাদের নিজস্ব রাজস্বের টাকা ১৫ কোটি টাকা নিয়ে গেছেন। আরেকজন হাসনাত আবদুল্লাহ, তিনি নিয়ে গেছেন ১০ কোটি টাকা। এটা হলো সমন্বয়ের অবস্থা। তারা চেয়েছিলেন যে, বাংলাদেশে বৈষম্যবিরোধী একটা সমন্বয়ের রাজনীতি, কিন্তু তাদের মধ্যে সেটা ছিল না।” (রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ আসাদ)

## একাত্তরের পরাজিত যোদ্ধারা ফণা তোলার চেষ্টা করছে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

১৯৭১ সালে যারা পরাজিত যোদ্ধা ছিলেন, তারা আজকাল নানাভাবে ফণা তোলার চেষ্টা করছে বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম রিংকু। তিনি বলেন, যারা গত ১৭ বছর দেশের মানুষকে শোষণ, নিপীড়ন, খুন-গুম, দুর্নীতি ও চাঁদাবাজি করেছে, জুলাই গণ-অভ্যুত্থানের মাধ্যমে তারা বিদায় হয়েছে। কিন্তু সেই তাদের দোসররা এখন ষড়যন্ত্র করছে, যাতে বর্তমান সরকার সফল হতে না পারে। শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে শনিবার বিকেলে ফরিদপুরের নগরকান্দা উপজেলা সদরের এমএন একাডেমি মাঠে আলোচনাসভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, ১৯৭১ সাল থেকে এখন পর্যন্ত যারা জিয়া পরিবারের শত্রু, তারা গণতন্ত্রের শত্রু। যারা বাংলাদেশে একটি স্বাধীন সার্বভৌমত্ব সরকার দেখতে চায় না, তারা জিয়া পরিবারের বিরুদ্ধে এখনো ষড়যন্ত্র চালিয়ে যাচ্ছে। এই ষড়যন্ত্র আমাদের যে-কোনো মূল্যে মোকাবিলা করতে হবে। শামা ওবায়েদ বলেন, শহিদ জিয়া সব বাধা অতিক্রম করে দেশের মানুষের জন্য কাজ করেছিলেন। দেশকে তলাবিহীন ঝুড়ি থেকে তুলে এনে একটি স্বনির্ভর রাষ্ট্রে পরিণত করে গেছেন। তিনি এমন একটি দেশের স্বপ্ন দেখেছিলেন, যেখানে কৃষক ও শ্রমিকরা যাতে তিনবেলা পেট ভরে খেতে পারবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ আসাদ)

## সমাজে একজন করে জিয়া প্রতিষ্ঠিত হলেই যথেষ্ট : ডেপুটি স্পিকার

শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আদর্শ ধারণ করার আহ্বান জানিয়েছেন জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ও নেত্রকোনা-১ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার কায়সার কামাল। তিনি বলেন, "আমরা বক্তৃতায় বলি, এক জিয়া লোকান্তরে, লাখো জিয়া ঘরে ঘরে। আমাদের লাখো জিয়ার দরকার নেই, সমাজে বা একেকটা গ্রামে যদি একজন জিয়া প্রতিষ্ঠিত হয়, তাহলেই যথেষ্ট।" শনিবার দুপুরে নেত্রকোনার দুর্গাপুর পৌর শহরের অ্যাডভান্স মডেল স্কুল প্রাঙ্গণে আয়োজিত আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। বিএনপির প্রতিষ্ঠাতা শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে এ আলোচনাসভা ও দোয়া মাহফিলের আয়োজন করে উপজেলা ও পৌর বিএনপি। ডেপুটি স্পিকার বলেন, "যদি আমরা প্রকৃত জিয়াপ্রেমী হই, প্রকৃত অর্থে জিয়াকে ধারণ করি ও লালন করি, তাহলেই তার আত্মার শান্তি পাবে। তার যে আদর্শ রয়েছে, তা চির অম্লান থাকবে।" তিনি আরো বলেন, "আমি শহিদ জিয়ার আদর্শের একজন প্রকৃত সৈনিক হতে চাই, আদর্শের একজন কর্মী হয়ে থাকতে চাই। কারণ শহিদ জিয়ার বইগুলো যখন আপনারা পড়বেন, তার নিজের লেখাও অনেক বই রয়েছে, যা আমরা অনেকেই পড়ি না। আমরা যদি এগুলো পড়ি, তাহলে বুঝতে পারব একজন সমাজকর্মী বা রাজনৈতিক কর্মী হতে গেলে আমাদের কী কী করা প্রয়োজন। আজকের এই শাহাদাতবার্ষিকীর আলোচনা তখনই সার্থক হবে, যখন আমরা তার আদর্শকে ধারণ করতে পারব।"
(রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ আসাদ)

## খুলনায় ভাড়া বাসা থেকে ২ শিশুর লাশ উদ্ধার

খুলনা মহানগরীর সোনাডাঙ্গা থানাধীন দারুল আমান মহল্লার একটি ভাড়াটিয়া বাসা থেকে দুই শিশুর লাশ উদ্ধার করা হয়েছে। নিহতরা হলো শামিম (১৩) ও মুসতাকিন (৪)। শনিবার সন্ধ্যা ৬টার দিকে লাশ দুটি উদ্ধার করা হয়। সোনাডাঙ্গা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. রফিকুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। পুলিশ বলছে, আলামত সংগ্রহ ও হত্যাকারীদের চিহ্নিত করতে সিআইডির ক্রাইম সিনের টিম কল করা হয়েছে। সোনাডাঙ্গা থানার ডিউটি অফিসার এসআই শিপ্রা বলেন, ৯৯৯ থেকে কল আসার পরে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। কিন্তু এখনো সেখান থেকে বিস্তারিত তথ্য পাওয়া যায়নি। নাম প্রকাশে অনিচ্ছুক স্থানীয় এক ব্যক্তি বলেন, ধারণা করা হচ্ছে, ওই দুই শিশুর বাবা তাদের হত্যা করেছেন। শনিবার সন্ধ্যা ৬টার দিকে লাশ উদ্ধারের সময় রফিকুল ইসলাম নামের ওই দুই শিশুর বাবা পলাতক ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীকে কাছে পেয়ে নূরজাহান বেগমের 'স্বপ্ন পূরণ'

বয়সের ভারে ন্যুব্জ নূরজাহান বেগম চোখে দেখতে পান না। তবুও তিনি এসেছিলেন প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে একটু কথা বলতে। তার গ্রামের বাড়ি মুন্সীগঞ্জের বিক্রমপুরে। স্বামী ও সন্তান কেউই বেঁচে নেই, বড়ো একা তিনি। দীর্ঘদিন ধরে তার মনে একটি স্বপ্ন বাসা বেঁধেছিল। সে স্বপ্ন ছিল শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী মরহুমা খালেদা জিয়ার সন্তান তারেক রহমানকে একবার দেখবেন, তার সঙ্গে কথা বলবেন। কিন্তু নিয়তির নির্মম পরিহাস, আজ তিনি দৃষ্টিহীন। শনিবার নূরজাহান বেগমের সেই বহুদিনের লালিত স্বপ্ন পূরণ হলো। তিনি কথা বললেন প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে। দেখতে না পেলেও অনুভব করলেন তার উপস্থিতি। কথা বলার সময় প্রধানমন্ত্রীর জন্য প্রাণভরে দোয়া করেন নূরজাহান বেগম। স্বাধীনতার ঘোষক, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে প্রধানমন্ত্রী তারেক রহমান রাজধানীর শাহজাহানপুরে দুঃস্থ মানুষের মাঝে খাদ্য ও বস্ত্র বিতরণ করেন। সে আয়োজনেই নূরজাহান বেগমের এমন আবেগঘন মুহূর্তের সাক্ষী হন উপস্থিত সবাই।
(রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ আসাদ)

## ১ জুন থেকে সুন্দরবনে প্রবেশ নিষিদ্ধ

আগামী তিনমাস সুন্দরবনে সব ধরনের প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। বনজ সম্পদ, মৎস্য ও জলজ প্রাণীর নিরাপদ প্রজনন, জীববৈচিত্র্য সংরক্ষণ এবং বন্য প্রাণীর সুরক্ষার লক্ষ্যে ১ জুন থেকে ৩১ আগস্ট পর্যন্ত সুন্দরবনে মাছ ও কাঁকড়া আহরণ, মধু সংগ্রহ এবং পর্যটকদের প্রবেশ সম্পূর্ণ বন্ধ থাকবে। এ সিদ্ধান্তে দুশ্চিন্তায় পড়েছেন সুন্দরবননির্ভর হাজারো জেলে, মৌয়াল ও বনজীবী। তাদের দাবি, তিনমাস বন বন্ধ থাকায় আয়-রোজগারের পথ প্রায় বন্ধ হয়ে যায়। অনেককে ঋণ করে সংসার চালাতে হয় এবং মহাজনসহ বিভিন্ন ব্যক্তির কাছে ধার-দেনায় জড়িয়ে পড়তে হয়। নিষেধাজ্ঞার সময়ে সরকারি সহায়তা না পাওয়ায় তারা চরম দুর্ভোগের মুখে পড়েন। এ কারণে খাদ্য সহায়তা ও বিশেষ প্রণোদনার দাবি জানিয়েছেন কর্মহীন বনজীবীরা। বন বিভাগ জানিয়েছে, জুন থেকে আগস্ট সময়টি সুন্দরবনের মাছ, জলজ প্রাণী ও বিভিন্ন বন্য প্রাণীর প্রধান প্রজনন মৌসুম। এ সময় অধিকাংশ মাছ ও জলজ প্রাণী ডিম ছাড়ে। একইসঙ্গে বনের উদ্ভিদরাজির স্বাভাবিক পুনর্জন্ম প্রক্রিয়াও চলতে থাকে। তাই বন ও বন্য প্রাণীর নিরাপদ বিচরণ নিশ্চিত করতে প্রতিবছরের মতো এবারও তিন মাসের জন্য এ নিষেধাজ্ঞা কার্যকর করা হচ্ছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৫.২০২৬ আসাদ)

# BBC

**NO DEAL ANNOUNCED AFTER TRUMP MEETING TO MAKE 'FINAL DETERMINATION' ON IRAN**

US President Donald Trump held a meeting with top aides on Friday to make a "final determination" about a framework for extending the ceasefire with Iran, but it concluded without clarity on the next steps. Posting on Truth Social beforehand, Trump said Iran must agree to never have a nuclear weapon or bomb, that the Strait of Hormuz be reopened for "unrestricted shipping traffic, in both directions", and that any mines in the strait be "terminated". An adviser to Iran's supreme leader on Saturday accused Trump of "betraying democracy" by making what he described as excessive demands. Iran says it is not negotiating on its nuclear programme - insisting it is wholly for peaceful purposes.
(BBC News Web Page: 30/05/26, FARUK)

**US NOT 'TURNING BACK' ON ASIA ALLIES, BUT EXPECTS THEM TO BOOST DEFENCE: HEGSETH**

The US military are not "turning our backs" on Asia while fulfilling "global obligations" such as the Iran war, US Defence Secretary Pete Hegseth has told a top regional defence forum in Singapore. Hegseth sought to reassure Asia-Pacific allies about US commitment to the region, including fulfilling arms deals in the wake of a suspended Taiwan weapons package - even as he reiterated calls for Asian partners to spend more on defence. While noting the threat of China's military build-up in the region, Hegseth also said the US wanted to avoid "needless confrontation". Hegseth was speaking weeks after US President Donald Trump held positive talks with China's President Xi Jinping in Beijing.
(BBC News Web Page: 30/05/26, FARUK)

**NATO AND EU CONDEMN RUSSIA AFTER DRONE HITS ROMANIAN RESIDENTIAL BLOCK**

A Russian drone hit a block of flats in Romanian, causing a fire and injuring two people, Romanian officials say. Friday's incident in the eastern town of Galati, near the border with Ukraine, was condemned by Romania's fellow members of Nato and the EU. Ukraine said it proved again that Russia posed "a real threat" to Europe. Romanian President Nicusor Dan said the drone was likely hit by Ukrainian air defences over Kyiv's territory, altering its trajectory. Russian President Vladimir Putin later questioned whether the drone was Russian. Drones fired by Russia have strayed into Romania a number of times during the four-year war with Ukraine, but it is the first time Romanians have been hurt.
(BBC News Web Page: 30/05/26, FARUK)

**FOUR MORE MEN FREED FROM FLOODED LAOS CAVE AFTER 10 DAYS**

Four men who were trapped inside a flooded cave in Laos for 10 days have been freed,Thai rescuers say - a day after another man was rescued. They are among seven villagers who entered the narrow tunnels in search for gold but were cut off inside the cave in the remote mountain area of central Xaysomboun province after flash floods hit on 20 May. Only five were found alive by rescuers on Wednesday. Two men are still missing. The cave system, which extends deep underground, is also extremely narrow, with some chambers measuring only about 50cm wide, rescuers say. (BBC News Web Page: 30/05/26, FARUK)

**GHANA PARLIAMENT PASSES ANTI-LGBTQ+ BILL**

The parliament in Ghana has approved a new bill criminalizing homosexuality and the promotion of LGBTQ+ activities. Identifying as lesbian, gay, bisexual transgender or queer can be punished by up to three years' imprisonment. The bill also introduces a "duty to report" prohibited acts to police. Religious leaders have pressured President John Dramani Mahama, who still needs to ratify the legislation, to strengthen anti-gay laws since he came to power last year. The ban has been sharply criticized by international organizations, including Human Rights Watch, which said it placed LGBTQ+ peoples' lives at risk while also "encouraging citizens to surveil and denounce one another". Same-sex relationships have been banned in Ghana under laws dating from the British colonial era. In an address to Parliament, the bill's sponsor Reverend John Ntim Fordjour said the bill protected Ghanaian family and cultural values. (BBC News Web Page: 30/05/25, FARUK)

**ISRAEL PUT ON UN SEXUAL VIOLENCE IN WARZONES BLACKLIST FOR FIRST TIME**

Israel has been added to a UN blacklist of countries that commit sexual violence in warzones for the first time. A report by the office of Secretary General Antonio Guterres said the UN had last year verified 31 cases of sexual violence perpetrated by Israeli forces against Palestinians from Gaza and the West Bank. It said 13 of the cases had occurred in 2025, and 18 in the two years prior. The UN said its report should be seen as "indicative of incidents and patterns" rather than comprehensive. Israel said it rejected allegations of sexual abuse and intended to break off relations with the secretary general's office. Israel's ambassador to the UN, Danny Danon, accused Guterres on Thursday of spreading antisemitic lies. The Israeli UN mission said it will refuse contact with his office as long as he serves as head of the International body. (BBC News Web Page: 30/05/26, FARUK)

**UKRAINE USING AI DRONES TO STRIKE VITAL CONVOYS SUPPLYING RUSSIAN TROOPS**

The Ukrainian military is stepping up its campaign to destroy vehicles supplying Russian forces along crucial roads in occupied Ukraine using new AI drone technology, experts say. BBC Verify has confirmed footage of at least 14 incidents published in the past week of vehicles carrying food, fuel and ammunition being targeted along critical routes connecting Russia to Crimea and other occupied territories in southern Ukraine. Experts say recent drone technology advancements, including the AI-enabled Hornet system, have allowed Ukraine to attack Russian targets travelling to the front lines at greater distances and with increased accuracy. (BBC News Web Page: 30/05/26, FARUK)

**US JUDGE HALTS TRUMP'S $1.8BN ANTI-WEAPONIZATION' FUND**

A federal judge has temporarily stopped the creation of a $1.8bn government fund to compensate individuals who claimed to be targets of political investigation by previous presidential administrations. Judge Leonie Brinkema barred the justice department from taking any steps to stand up or operate the fund - including processing or dispersing claims - until a preliminary hearing on 12 June. Responding to the judge's two-page order on Friday, a spokesperson from the justice department said they were "extremely confident" in the legality of the scheme. (BBC News Web Page: 30/05/26, FARUK)

**EU HAILS HUNGRY'S 'WIND OF CHANGE' AND UNLOCKS €16.4BN FOR NEW PM MAGYAR**

European Commission President Ursula von der Leyen has told Hungary's new prime minister that billions of euros in EU funding are to be unlocked subject to his government pushing through a raft of "long-overdue reforms". The decision is a significant boost for Peter Magyar, who has been in office for less than three weeks after a landslide election victory over Viktor Orban. He described his EU deal as a "historic breakthrough", while von der Leyen said "we can already feel a strong wind of change across Hungary". The Commission president said a total of €16.4bn would be released to Budapest. Magyar hopes the cash will help kickstart Hungary's flagging economy. The funding was frozen by the EU because of democratic backsliding and corruption allegations under Orban's Fidesz-led government. (BBC News Web Page: 30/05/26, FARUK)

**:: THE END ::**